আরও
চাকরির খবর
ভেতরের পাতায়
কর্মক্ষেত্র
তথ্যভাণ্ডার ...পৃঃ ৫

কর্মক্ষেত্র

ISSN 0971-7765

ভারতীয় রেলে
১১১২৭
অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট
নিয়োগের সি বি টি-১
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ৮

বর্ষ ৪৭ সংখ্যা ১২ কলকাতা বুধবার, ৭ অক্টোবর ২০২৬/১ **বাঙালির কর্মজীবনের প্রবেশপথ** ২০ আশ্বিন ১৪৩৩ দাম ৭.০০ টাকা ১২ পাতা R. N. 37120/80

নিখরচায় প্রশিক্ষণ দিয়ে

রিলেশনশিপ ম্যানেজার নেবে আইসিআইসিআই ব্যাঙ্ক

নিখরচায় প্রবেশনারি অফিসার ক্যাডারে ২ মাসের প্রশিক্ষণ দিয়ে কলকাতা-সহ দেশের বিভিন্ন শহরে রিলেশনশিপ ম্যানেজমেন্ট বিভাগে (সেলস) লোক নেবে আইসিআইসিআই ব্যাঙ্ক। ফ্রেশার গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েট ও ব্যাচেলর্স ডিগ্রিধারী ইঞ্জিনিয়াররা আবেদন করতে পারেন এখনই।

ফ্রেশার গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য। প্রশিক্ষণ চলাকালীন মাসে ১৮,০০০ টাকা স্টাইপেন্ড।

প্রশিক্ষণ হবে ব্যাঙ্কের বিভিন্ন আবাসিক ক্যাম্পাসে। প্রশিক্ষণ নেওয়ার জন্য কোনও খরচ লাগবে না। সংস্থার তরফে জানানো হয়েছে, প্রশিক্ষণ চলাকালীন মাসে ১৮,০০০ টাকা স্টাইপেন্ড পাওয়া যাবে। প্রশিক্ষণ শেষে রিলেশনশিপ ম্যানেজার পদে নিয়োগ হবে। ব্যাঙ্কের সঙ্গে পরিষেবা গ্রাহকদের সম্পর্ক মসৃণ করা, জরুরি ভিত্তিতে সমস্যার সমাধান ইত্যাদি এই পদের প্রধান দায়িত্ব। শুরুতে বার্ষিক বেতন ৫ থেকে সাড়ে ৫ লক্ষ টাকা।

প্রশিক্ষণের জন্য প্রার্থী বাছাই করা হবে অনলাইন অ্যাপ্টিটিউড টেস্ট ও মুখোমুখি ইন্টারভিউয়ের মাধ্যমে। অনলাইন অ্যাপ্টিটিউড টেস্টে থাকবে ভার্বাল এবিলিটি, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, লজিক্যাল এবিলিটি ও জেনারেল অ্যাওয়্যারনেস বিষয়ক প্রশ্ন। অনলাইন আবেদন করবেন ব্যাঙ্কের ওয়েবসাইটের এই লিঙ্কের মাধ্যমে: https://www.icicicareers.com/CareerApplicant/Career/job-details/2547189 অথবা https://www.icicicareers.com/CareerApplicant/career/job-listing/

সুপ্রিম কোর্টে ২৫০ জুনিয়র কোর্ট অ্যাসিস্ট্যান্ট

শিক্ষাগত যোগ্যতা গ্র্যাজুয়েট, টাইপিং জানতে হবে

অবজেক্টিভ টাইপ পরীক্ষার একাধিক কেন্দ্র এ রাজ্যে

জুনিয়র কোর্ট অ্যাসিস্ট্যান্ট পদে ২৫০ জনকে নেবে সুপ্রিম কোর্ট। নিয়োগ করা হবে গ্রুপ-বি পদে। যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য। কম্পিউটারে টাইপ করতে জানতে হবে। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র রয়েছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: F.6/2026-SC (RC)

শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে কম্পিউটারে ইংরেজিতে মিনিটে ৩৫টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। পাশাপাশি, কম্পিউটার অপারেশন জানতে হবে। ডিগ্রি পেয়ে থাকতে হবে ১-৯-২০২৬ তারিখের মধ্যে।

এরপর দুয়ের পাতায়

ইফকোয় ট্রেনি

দেশ জুড়ে কিছু গ্র্যাজুয়েট ট্রেনি (এগ্রিকালচার) নেবে ইন্ডিয়ান ফার্মার্স ফার্টিলাইজার কো-অপারেটিভ লিমিটেড (ইফকো)। প্রথমে ১ বছরের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। সফল ভাবে ট্রেনিং শেষে সংশ্লিষ্ট সংস্থায় স্থায়ী চাকরির সুযোগ আছে।

আবেদনের যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ এগ্রিকালচারে বি

এরপর দুয়ের পাতায়

উত্তর-পশ্চিম রেলে ২০০৮ অ্যাপ্রেন্টিস

বিভিন্ন ট্রেডে ২,০০৮ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে উত্তর-পশ্চিম রেল। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে প্রশিক্ষণ দেওয়া হবে নর্থ-ওয়েস্টার্ন রেলের একাধিক ডিভিশন ও ইউনিটে। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। প্রার্থী বাছাই করবে রেলওয়ে রিক্রুটমেন্ট সেল। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: 04/2026 (NWR/AA)

ডিভিশন অনুসারে আসনবিন্যাস: ডিআরএম অফিস, আজমের: ইলেক্ট্রিশিয়ান (কোচিং): ৫০টি। ইলেক্ট্রিশিয়ান (পাওয়ার): ৫০টি। ইলেক্ট্রিশিয়ান (টিআরডি): ৫০টি। কার্পেন্টার (ইঞ্জিনিয়ারিং): ২৫টি। পেইন্টার (ইঞ্জিনিয়ারিং): ২০টি। ম্যাসন (ইঞ্জিনিয়ারিং): ৩০টি। পাইপ ফিটার (ইঞ্জিনিয়ারিং): ২০টি। ফিটার (সি অ্যান্ড ডব্লু): ৫০টি। কার্পেন্টার (মেকানিক): ২৫টি। ডিজেল মেকানিক: ১০৪টি।

সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন ডিপার্টমেন্ট: কার্পেন্টার: ২টি। পেইন্টার: ২টি। ইলেক্ট্রনিক্স মেকানিক: ২০টি। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ২টি।

ইঞ্জিনিয়ারিং টিএমসি ডিপার্টমেন্ট: ইলেক্ট্রিশিয়ান: ৮টি। ওয়েল্ডার: ৭টি। ফিটার: ৭টি। কার্পেন্টার: ১টি। ডিজেল মেকানিক: ৯টি। টার্নার/মেশিনিস্ট: ৭টি। ইলেক্ট্রনিক্স মেকানিক: ৬টি। রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং: ২টি। পেইন্টার: ১টি। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ২টি।

ডিআরএম অফিস, বিকানের: ফিটার (মেকানিক্যাল): ২২০টি। ইলেক্ট্রিশিয়ান (পাওয়ার): ৭৩টি। ইলেক্ট্রিশিয়ান (কোচিং): ১০৫টি। ইলেক্ট্রিশিয়ান (টিআরডি): ৬৪টি। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক-

এরপর দুয়ের পাতায়

স্কুল সার্ভিস: একাদশ-দ্বাদশ শ্রেণির জন্য সংশোধিত তালিকায় অন্তর্ভুক্তদের ইন্টারভিউ ৮ অক্টোবর থেকে

নিজস্ব প্রতিনিধি: স্কুল সার্ভিস কমিশনের দ্বিতীয় স্টেট লেভেল সিলেকশন টেস্ট (২০২৫) অনুসারে একাদশ-দ্বাদশ শ্রেণির যে-সব শিক্ষক-প্রার্থী সংশোধিত প্রাথমিক ইন্টারভিউ তালিকায় (রিভাইজড প্রিলিমিনারি ইন্টারভিউ লিস্ট) নতুন করে অন্তর্ভুক্ত হয়েছেন তাঁদের বিষয় অনুসারে নথিপত্র যাচাই, ইন্টারভিউ ও লেকচার ডেমনস্ট্রেশন শুরু হবে ৮ অক্টোবর থেকে। ১ অক্টোবর একটি বিজ্ঞপ্তি প্রকাশ করে কমিশন এই খবর জানিয়েছে।

বিষয় (পোস্ট-গ্র্যাজুয়েট) অনুসারে নথিপত্র যাচাই, ইন্টারভিউ ও লেকচার ডেমনস্ট্রেশনের সূচি: বাংলা-৮ অক্টোবর। ইকনমিক্স-৮ ও ৯ অক্টোবর। ইতিহাস-৯ অক্টোবর। সংস্কৃত-৯, ১২ ও ১৩ অক্টোবর। ইংরেজি-১২ অক্টোবর। ম্যাথমেটিক্স-১৩ অক্টোবর। ইন্টিমেশন লেটার ডাউনলোড করবেন এই ওয়েবসাইট থেকে: www.westbengalssc.com ২০২৬-এর ২৮ সেপ্টেম্বর প্রকাশিত সংশোধিত তালিকায় অন্তর্ভুক্তদের নাম, রোল নম্বরের তালিকা দেখা যাবে এই ওয়েবসাইটে: https://old.westbengalssc.com/sscorg/wbssc/home/index.html

আইটিবিপি-তে ১২৬ খেলোয়াড়

বিভিন্ন ক্রীড়াক্ষেত্র থেকে ১২৬ জন খেলোয়াড় নেবে ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ ফোর্স। নিয়োগ হবে কনস্টেবল (জেনারেল ডিউটি) পদে। পুরুষ-মহিলা উভয়েই আবেদনের যোগ্য।

ক্রীড়াক্ষেত্র অনুসারে শূন্যপদ: অ্যাথলেটিক্স ৫টি (পুরুষ ৩, মহিলা ২)। অ্যাকোয়াটিক ৪টি (পুরুষ ২, মহিলা ২)। আর্চারি ৫টি (পুরুষ ১, মহিলা ৪)। ব্যাডমিন্টন ৬টি (পুরুষ ৩, মহিলা ৩)। বাস্কেটবল ৩টি (পুরুষ)। বক্সিং ৯টি (পুরুষ ৫, মহিলা ৪)। ইকুয়েস্ট্রিয়ান ১টি (পুরুষ)। ফুটবল ২টি (পুরুষ)। জিমন্যাস্টিক্স ৬টি (পুরুষ ৩, মহিলা ৩)। হ্যান্ডবল ৩টি (পুরুষ)। আইস হকি ৬টি (পুরুষ ৪, মহিলা ২)। হকি ৩টি (পুরুষ)। জুডো ১২টি (পুরুষ ৪, মহিলা ৮)। খো খো ৩টি (পুরুষ ১, মহিলা ২)। পেনক্যাক সিলাট ৪টি (পুরুষ ১, মহিলা ৩)। পাওয়ারলিফটিং ১টি (পুরুষ)। সেন্ট্রাল স্কি ৮টি (পুরুষ ৪, মহিলা ৪)। স্পোর্টস শুটিং ৮টি (পুরুষ ৪, মহিলা ৪)। টেবল টেনিস ২টি (পুরুষ)। তায়কোন্ডো ৭টি (পুরুষ ৩, মহিলা ৪)। ভলিবল ৬টি (পুরুষ)। ওয়েটলিফটিং ৪টি (পুরুষ)। রেসলিং ৫টি (পুরুষ ৪, মহিলা ১)। কানোয়িং ৩টি (পুরুষ ১,

এরপর চারের পাতায়

ভিলাই স্টিল প্ল্যান্টে ৭১০ অ্যাপ্রেন্টিস

৭১০ জন তরুণ-তরুণীকে বিভিন্ন ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে স্টিল অথরিটি অব ইন্ডিয়া লিমিটেড (সেইল)। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে ট্রেড অ্যাপ্রেন্টিস, ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস এবং গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ক্যাটেগরিতে সংস্থার ভিলাই স্টিল প্ল্যান্টে ট্রেনিং দেওয়া হবে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে।

ক্যাটেগরি অনুসারে আসনসংখ্যা: ট্রেড অ্যাপ্রেন্টিস (আইটিআই): ৫১৬টি। ট্রেড অনুসারে আসন: ইলেক্ট্রিশিয়ান: ৯৫টি। ফিটার: ৮০টি। মাল্টিমিডিয়া অ্যান্ড অ্যানিমেশন স্পেশ্যাল এফেক্টস: ৯টি। টেকনিশিয়ান মেকট্রনিক্স: ২০টি। ইলেক্ট্রনিক্স মেকানিক: ২০টি। ম্যানুফ্যাকচারিং প্রোসেস কন্ট্রোল অ্যান্ড অটোমেশন: ২৫টি। ইনস্ট্রুমেন্ট মেকানিক: ৩৫টি। মেশিনিস্ট: ২৫টি। টার্নার: ১৫টি। ওয়েল্ডার: ১৫টি। ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইন্টেন্যান্স: ১৫টি। অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্ল্যান্ট): ১৫টি। ডিজেল মেকানিক: ১৫টি। টুল অ্যান্ড ডাই মেকার: ১০টি। ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (কেমিক্যাল প্ল্যান্ট): ১০টি। মেকানিক মোটর ভেহিক্যল: ১০টি। মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এসি: ২০টি। সেন্ট্রাল এসি

এরপর দুয়ের পাতায়

স্বনির্ভরতার সন্ধান

সেরামিক পথ দেখাচ্ছে উপার্জনের

সেরামিক বা চিনামাটি দিয়ে তৈরি হচ্ছে নানা সামগ্রী যা একই সঙ্গে নিত্য-ব্যবহারের উপযোগী এবং শিল্পসম্মত। দেশের বাজারে এবং বিদেশেও সেরামিকের প্লেট, কাপ, ফুলদানির চাহিদা আছে। প্রশিক্ষণ নিয়ে এগুলি উৎপাদন ও বিপণন করা যায়।

নিজস্ব প্রতিনিধি: খাবারের প্লেট থেকে ফুলদানি, ফুলের টব থেকে ভাস্কর্য— হাজারো জিনিস তৈরি হয় সেরামিক দিয়ে। সেসব যেমন নিত্য ব্যবহারের উপযোগী, তেমনই শিল্পসম্মত। বিশ্ব জুড়েই সেরামিকের সামগ্রী দিয়ে অন্দরসজ্জার চল রয়েছে।

সেরামিককে চলতি কথায় বলা হয় চিনামাটি। গ্রিক শব্দ সেরামিক্স-এর অর্থ মৃৎশিল্প। তবে সেরামিকের সঙ্গে বাংলার টেরাকোটার মৌলিক পার্থক্য আছে। সেরামিকের মূল কাঁচামাল— মাটি, বিভিন্ন খনিজ পদার্থ এবং জল। সবগুলিকে মিশিয়ে মণ্ডের আকার দিয়ে হাতে বা চাকায় ঘুরিয়ে বা ছাঁচের মাধ্যমে বিভিন্ন আকার দেওয়া হয়। সবশেষে কাঁচা সেই আকৃতিটিকে রোদে শুকিয়ে, ভাটি বা চুল্লির আগুনে উচ্চ তাপমাত্রায় পোড়ানো হয়। পোড়ানোর ফলে সেরামিকের সামগ্রী শক্ত এবং তাপ-প্রতিরোধী হয়ে ওঠে।

সেরামিকের নিত্য ব্যবহার্য জিনিসপত্র থেকে ঘর সাজানোর সামগ্রী, সবই পাওয়া যায় কলকাতার

এরপর সাতের পাতায়

ফুরোবার আগেই সংগ্রহ করুন

কর্মক্ষেত্র
শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

কর্মখালি

SSI Unit in Kolkata requires Elec/ Mech Diploma Experienced in Manufacturing/ Testing, Erection for Material Handling Equipment. Retired Person Preferred. M-93314-20301.

□

Attendant চাই (ছেলে/মেয়ে) 25-35 এর মধ্যে। 24 ঘণ্টার জন্য। মাহিনা- 18,000/-. M-74399-41717.

□

পুণেতে ডাক্তার দম্পতির বাঙালী রান্না গৃহস্থালি কাজে 25-45 বছরের মহিলা চাই। থাকা-খাওয়া সহ বেতন 20-22 হাজার। বাড়ীতে কুকুর আছে। M: 98308-37870.

□

অবিলম্বে নিয়োগ। কলকাতার একটি স্বনামধন্য ডায়াগনস্টিক ল্যাবরেটরিতে মার্কেটিং-এর জন্য অভিজ্ঞ এক্সিকিউটিভ প্রয়োজন। এছাড়াও ফ্র্যাঞ্চাইজি থেকে স্যাম্পল সংগ্রহের জন্য বাইকসহ লজিস্টিক কর্মী দরকার। যোগাযোগ: adreply91@gmail.com

□

CA FIRM
SOUTH KOLKATA
Require Article & B.Com Trainee. Stipend Rs. 8-15K. 98317-11750, cakolkatafirm@gmail.com

□

Reqd. Lady Office Assistant having knowledge in English & Computer for a legal firm at Dalhousie 98310-05626 claimscorp20@gmail.com

□

ডিপ্লোমা সিভিল ইঞ্জিনিয়ার আবশ্যক, বয়সসীমা ৩৫ বছর, কর্মস্থল কলকাতা, CV পাঠান : 98303-04894.

□

কর্মখালি

স্বগৃহে Project E-Book দেখে হাতে লিখে/ফর্ম ফিলাপ করে/Comp, ল্যাপটপ/ডেটা এন্ট্রি/ স্মার্ট ফোনে টাইপ করে PART TIME প্রতি সপ্তাহে আয়ের সুযোগ 85858-19609.

□

Direct Hiring-VRS/ Retd/House-wife/ Others, Fixed Salary + Incentive & Promotion 10k-50k/ P.M Earn Immediate Joining. HS+. 62893-03389.

□

জুট মিলে কাজের জন্য অভিজ্ঞ লোক চাই। স্যালারী + PF + মেডিকেল। Mob: 80177-29464/ Mob: 90389-41244.

□

(1) উকিল (35L) (2) ব্যবসা/প্রকাশনা/ mktg./PRO অভিজ্ঞ (3) Ac/Comp./ Law + Outdoor Asst. (Hazra -Podra বাসী)। 85858-92443/91230-78306.

□

কর্মখালি

Urgent Recruitment- Sales Person, S.L. Agarbatti Company Experienced Sales Representatives/ Sales Officer Job Locations: South 24 Parganas/ Medinipur Purulia/ Bardhaman/ Birbhum/ Nadia/ Bankura. যোগাযোগ: 79806-04501/ 93267-90032.

□

স্কুল-কলেজ-শিক্ষা

নিউরোথেরাপি প্রশিক্ষণে ভর্তি চলছে ন্যূনতম যোগ্যতা: উচ্চমাধ্যমিক পাশ, বয়স: ১৮-২৪ বছর। মেধা ও যোগ্যতা অনুযায়ী কর্মসংস্থানের সুযোগ। কোর্স-ফি সংক্রান্ত তথ্যের জন্য যোগাযোগ করুন: Dr Lajpat Rai Mehra's Neurotherapy Wellness Clinic, 9088707617.

□

DISCLAIMER
SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.
assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১০ অক্টোবর দুপুর ২টো পর্যন্ত।

□□□

২১ অক্টোবর কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৭ অক্টোবর দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন দিতে আগ্রহীরা
যোগাযোগ করুন:
৮৯৬১২-৪২৬২৯

পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

ভিলাই স্টিল প্ল্যান্টে ৭১০ অ্যাপ্রেন্টিস

প্রথম পাতার পর

প্ল্যান্ট মেকানিক: ১৬টি। উড ওয়ার্ক টেকনিশিয়ান: ১০টি। স্টেনোগ্রাফার অ্যান্ড সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট (হিন্দি): ১০টি। স্টেনোগ্রাফার অ্যান্ড সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট (ইংরেজি): ১০টি। রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং টেকনিশিয়ান: ১০টি। হসপিটাল হাউসকিপিং: ৬টি। ম্যাসন: ১০টি। ইনফর্মেশন টেকনোলজি (আইটি): ১০টি। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই কোর্স পাশ। **স্টাইপেন্ড:** নির্দিষ্ট মাসিক ৯,৬০০ টাকা।

টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ডিপ্লোমা): ১২৪টি। শাখা অনুসারে আসন: সেরামিক টেকনোলজি: ২টি। কেমিক্যাল: ২টি। সিভিল: ১০টি। কম্পিউটার সায়েন্স: ৫টি। ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং: ৫টি। ইলেক্ট্রিক্যাল: ১০টি। মেকানিক্যাল/মেকাট্রনিক্স: ১০টি। মেটালার্জি: ২০টি। ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন: ১০টি। ইনফর্মেশন টেকনোলজি: ৫টি। অটোমোবাইল: ৫টি। ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন: ৮টি। নার্সিং (জিএনএম): ৫টি। ফিজিওথেরাপি (ডিপি): ৫টি। মেডিক্যাল ল্যাব টেকনোলজি (ডিএমএলটি): ৫টি। রেডিওলজিক্যাল টেকনোলজি (ডিআরটি): ৫টি। এক্স-রে টেকনোলজি (ডিএক্সটি): ৫টি। অপারেশন থিয়েটার টেকনোলজি (ডিওটি): ২টি। ফার্মাসি (ডি ফার্মা): ৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট শাখায় ডিপ্লোমা। **স্টাইপেন্ড:** নির্দিষ্ট মাসিক ১০,৯০০ টাকা।

গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস: ৭০টি। শাখা অনুসারে আসন: সেরামিক টেকনোলজি: ২টি। কেমিক্যাল: ২টি। সিভিল: ৫টি। কম্পিউটার সায়েন্স: ২টি। ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং: ২টি। ইলেক্ট্রিক্যাল: ২টি। মেকানিক্যাল/মেকাট্রনিক্স: ২টি। মেটালার্জি: ৫টি। ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন: ২টি। ইনফর্মেশন টেকনোলজি: ২টি। অটোমোবাইল: ২টি। ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন: ২টি। ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন: ৫টি। প্রোডাকশন: ৫টি। আর্টস: ৫টি। সায়েন্স: ৩টি। কমার্স: ৫টি। কম্পিউটার অ্যাপ্লিকেশন: ৫টি। বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন: ৫টি। বি এসসি নার্সিং: ৫টি। ডেটা এন্ট্রি অপারেটর: ২টি। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট শাখায় স্নাতক। **স্টাইপেন্ড:** নির্দিষ্ট মাসিক ১২,৩০০ টাকা।

বয়স: ৩১-১০-২০২৬ তারিখে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে।

মনে রাখবেন, প্রার্থীকে অবশ্যই ২০২২ সাল বা তার পরে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা অর্জন করে থাকতে হবে। এর আগে কোথাও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে বা ১ বছর বা তার বেশি সময়ের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করবেন না।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষা ক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ও ওয়াক-ইন ইন্টারভিউয়ের মাধ্যমে।

প্রার্থীকে প্রথমে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে ট্রেড অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://apprenticeshipindia.org গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ও ডিপ্লোমা অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://nats.education.gov.in এরপর সংশ্লিষ্ট ওয়েবসাইটের 'এস্টাবলিশমেন্ট সার্চ' অপশনে গিয়ে Steel Authority of India Limited, Bhilai Steel Plant-এ ক্লিক করে আবেদন করতে হবে। প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে।

আবেদনের শেষ তারিখ ২০ অক্টোবর।

ওয়াক-ইন ইন্টারভিউ চলবে ২৭ অক্টোবর থেকে ২১ নভেম্বর পর্যন্ত।

ইন্টারভিউ কেন্দ্রের ঠিকানা: Room No. 123, HRDC Bhilai Steel Plant, Chhatisgarh 490001. প্রার্থীকে ইন্টারভিউ কেন্দ্রে পৌঁছতে হবে সকাল সাড়ে ৯টা থেকে সাড়ে ১০টার মধ্যে।

ইন্টারভিউয়ের সময় সঙ্গে নিতে হবে এই সব নথিপত্রের স্ব-প্রত্যয়িত নকল— শিক্ষাগত যোগ্যতার যাবতীয় সার্টিফিকেট, বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেট, কাস্ট বা ওবিসি সার্টিফিকেট, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে), আধার কার্ড বা পাসবুক, সরকারি হাসপাতাল থেকে প্রাপ্ত মেডিক্যাল ফিটনেস সার্টিফিকেট, অ্যাপ্রেন্টিস হিসেবে অনলাইন রেজিস্ট্রেশনের সার্টিফিকেট। মূল নথিপত্রগুলিও সঙ্গে নিয়ে যাবেন।

ট্রেড অনুসারে ইন্টারভিউয়ের তারিখ ও অন্যান্য খুঁটিনাটি তথ্য জানতে দেখুন এই ওয়েবসাইট: https://sailcareers.com/ প্রয়োজনে ফোন করতে পারেন এই নম্বরে: ৯৪০৭৯-৮৭৭৯৩।

উত্তর-পশ্চিম রেলে ২০০৮ অ্যাপ্রেন্টিস

প্রথম পাতার পর

ইঞ্জিনিয়ারিং: ১৫টি। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক-মেকানিক্যাল): ৫টি।

সিগন্যাল অ্যান্ড টেলিকমিউ-নিকেশন ডিপার্টমেন্ট: কার্পেন্টার: ২টি। পেইন্টার: ২টি। ইলেক্ট্রনিক্স মেকানিক: ২১টি। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ২টি।

ইঞ্জিনিয়ারিং টিএমসি ডিপার্টমেন্ট: ইলেক্ট্রিশিয়ান: ২টি। ওয়েল্ডার: ২টি। ফিটার: ২টি। ডিজেল মেকানিক: ৩টি। টার্নার/ মেশিনিস্ট: ২টি। ইলেক্ট্রনিক্স মেকানিক: ২টি। রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং: ১টি। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ১টি।

ডিআরএম অফিস, জয়পুর: ফিটার (মেকানিক্যাল): ১৬৪টি। ইলেক্ট্রনিক্স মেকানিক (এস অ্যান্ড টি): ১২৭টি। ইলেক্ট্রিশিয়ান (ইলেক্ট্রিক্যাল/জি): ১২৩টি। ইলেক্ট্রিশিয়ান (ইলেক্ট্রিক্যাল/টিআরডি): ৫৬টি। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ৭৯টি।

সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন ডিপার্টমেন্ট: কার্পেন্টার: ২টি। পেইন্টার: ২টি।

ইঞ্জিনিয়ারিং টিএমসি ডিপার্টমেন্ট: ইলেক্ট্রিশিয়ান: ৪টি। ওয়েল্ডার: ৪টি। ফিটার: ৪টি। কার্পেন্টার: ১টি। ডিজেল মেকানিক: ৫টি। টার্নার/মেশিনিস্ট: ৪টি। ইলেক্ট্রনিক্স মেকানিক: ৩টি। মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং: ১টি। পেইন্টার: ১টি।

ডিআরএম অফিস, যোধপুর: ইলেক্ট্রিশিয়ান: ১৯টি। রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং: ১৫টি। ফিটার: ৩০টি। ডিজেল/মেকানিক ২৩টি। ওয়েল্ডার/ইঞ্জিনিয়ারিং: ৫টি। ব্ল্যাকস্মিথ পার্মানেন্ট ওয়ে/ইঞ্জিনিয়ারিং: ৩টি।

সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন ডিপার্টমেন্ট: কার্পেন্টার: ২টি। পেইন্টার: ২টি। ইলেক্ট্রনিক্স মেকানিক: ১৭টি। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ২টি।

ইঞ্জিনিয়ারিং টিএমসি ডিপার্টমেন্ট: ইলেক্ট্রিশিয়ান: ২টি। ওয়েল্ডার: ২টি। ফিটার: ২টি। কার্পেন্টার: ১টি। ডিজেল মেকানিক: ৩টি। টার্নার/মেশিনিস্ট: ২টি। ইলেক্ট্রনিক্স মেকানিক: ২টি। রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং: ১টি। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ১টি।

বিটিসি ক্যারেজ, আজমের: পেইন্টার: ৪টি। ফিটার: ৬৪টি। ওয়েল্ডার: ৫টি। ইলেক্ট্রিশিয়ান: ২৮টি।

বিটিসি লোকো, আজমের: ডিজেল মেকানিক: ১৬টি। ফিটার: ২৩টি। ওয়েল্ডার: ৩০টি।

ক্যারেজ ওয়ার্কশপ, বিকানের: ফিটার: ১৪টি। ওয়েল্ডার: ৮টি। ইলেক্ট্রিশিয়ান: ১১টি।

ক্যারেজ ওয়ার্কশপ, যোধপুর: ফিটার: ২৮টি। কার্পেন্টার: ১৫টি। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ৮টি। পেইন্টার (জেনারেল): ৮টি। মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স: ৫টি। মেশিনিস্ট: ৩টি।

তফসিলি, ওবিসি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের জন্য নিয়মানুসারে শূন্যপদ সংরক্ষিত থাকবে।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা সমতুল পাশ। সেই সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে এনসিভিটি বা এসসিভিটি স্বীকৃত আইটিআই কোর্স পাশ। ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট থাকতে হবে।

বয়স: ৬-১১-২০২৬ তারিখে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষা ক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rrcjaipur.in অনলাইন আবেদনের শেষ তারিখ ৬ নভেম্বর। প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন ফটো (জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে ২০ থেকে ৭০ কেবি সাইজের মধ্যে) ও কালো কালির সই (জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে ২০ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

অনলাইন পদ্ধতিতে ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। ডেবিট বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্ট সহ পূরণ করা আবেদন পত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে হবে না।

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

ইফকোয় ট্রেনি

প্রথম পাতার পর

এসসি। প্রার্থীকে স্থানীয় ভাষা জানতে হবে। হিন্দি জানা থাকলে অগ্রাধিকার।

বয়স: ১-৯-২০২৬ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

স্টাইপেন্ড: প্রতি মাসে ৩৩,০০০ টাকা।

সফল ভাবে ট্রেনিং শেষে বেতনক্রম ৩৭,০০০-৭০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে দু' পর্যায়ের কম্পিউটারভিত্তিক অনলাইন পরীক্ষা ও পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইট লিঙ্কের মাধ্যমে: https://careers.iffco-recruitments.in/jobs/agriculture-graduate-trainee-2026

দরখাস্তের শেষ তারিখ ১৪ অক্টোবর।

বিশদ জানতে আগ্রহী প্রার্থীরা দেখুন এই ওয়েবসাইট: www.iffco.in

সুপ্রিম কোর্টে ২৫০ জুনিয়র কোর্ট অ্যাসিস্ট্যান্ট

প্রথম পাতার পর

বয়স: ১-৯-২০২৬ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

শুরুতে মূল বেতন: ৩৫,৪০০ টাকা। সঙ্গে অন্যান্য সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে দু' পর্যায়ের লিখিত পরীক্ষা, টাইপিং টেস্ট ও ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রথম পর্যায়ের লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এই সব বিষয়ে: জেনারেল ইংলিশ (কম্প্রিহেনশন-সহ), জেনারেল অ্যাপ্টিটিউড, জেনারেল নলেজ, ভারতীয় সংবিধান (বিচার বিভাগ সংক্রান্ত), সুপ্রিম কোর্ট রুল-২০১৩, সুপ্রিম কোর্ট সার্ভিস রুলস-১৯৬১ এবং কম্পিউটার নলেজ। ১০০ নম্বর ও দেড় ঘণ্টার পরীক্ষা। নেগেটিভ মার্কিং আছে। প্রথম পর্যায়ের লিখিত পরীক্ষার সম্ভাব্য তারিখ ২০ নভেম্বর। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র: কলকাতা, আসানসোল, বর্ধমান, কল্যাণী ও শিলিগুড়ি।

প্রথম পর্যায়ের লিখিত পরীক্ষায় পাশ করলে থাকবে ১০ মিনিটের টাইপিং টেস্ট (৫০ নম্বর) এবং দ্বিতীয় পর্যায়ের লিখিত পরীক্ষা। দ্বিতীয় পর্যায়ের ডেসক্রিপটিভ লিখিত পরীক্ষায় থাকবে ইংলিশ কম্প্রিহেনশন, প্রেসি ও এসে রাইটিং। নম্বর ১০০। সময় ২ ঘণ্টা। পরীক্ষাকেন্দ্র দিল্লি। টাইপিং টেস্ট ও ডেসক্রিপটিভ লিখিত পরীক্ষার তারিখ পরে সুপ্রিম কোর্টের ওয়েবসাইটে জানিয়ে দেওয়া হবে।

সব শেষে থাকবে ২৫ নম্বরের ইন্টারভিউ।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sci.gov.in প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৭ অক্টোবর থেকে ২৮ অক্টোবর পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর ফটো, সই ও প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ১,৫০০ টাকা (তফসিলি, ওবিসি, প্রাক্তন সমরকর্মী ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৭৫০ টাকা)। ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত। অনলাইনে ইউকো ব্যাঙ্ক পেমেন্ট গেটওয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

জলে-জমিতে কর্মক্ষেত্র

কেন্দুরির চাষ উপার্জনের নতুন দিশারি

পশ্চিমবঙ্গের বাজারে ইদানীং কেন্দুরি বা কুন্দরি বিক্রি হতে দেখা যাচ্ছে। যদিও ঝাড়খণ্ড, বিহারের মতো রাজ্যে এটি অত্যন্ত চাহিদাসম্পন্ন সবজি। লাভজনক এবং রোগ-পোকার প্রাদুর্ভাবের সমস্যা প্রায় না থাকায় কৃষকেরাও এর চাষে উৎসাহ দেখাচ্ছেন। অত্যন্ত স্বাস্থ্যকর কুন্দরি পশ্চিমবঙ্গের হেঁশেলেও দ্রুত জনপ্রিয় হচ্ছে। কেন্দুরি চাষের খুঁটিনাটি জানাচ্ছেন পশ্চিমবঙ্গ সরকারের অবসরপ্রাপ্ত যুগ্ম কৃষিঅধিকর্তা সৌমেন্দ্রনাথ দাস।

কেন্দুরি পশ্চিমবঙ্গে স্বল্প পরিচিত সবজি। হিন্দিতে এর নাম কুন্দরি। এটি কুমড়ো গোত্রীয় বহু বর্ষজীবী লতানে ফসল। স্বল্প পরিচিত হলেও পশ্চিমবঙ্গের বাজারে এর চাহিদা ধীরে বাড়ছে। অন্যত্র এটি অন্যতম লাভজনক সবজি হিসেবে ইতিমধ্যেই চাষিদের মধ্যে জনপ্রিয়। রোগ ও পোকা তেমন একটা সমস্যা সৃষ্টি করতে পারে না কেন্দুরি চাষে।

কেন্দুরির বিজ্ঞানসম্মত নাম ককসিনিয়া গ্রান্ডিস। ইংরেজিতে নাম, আইভি গার্ড। অত্যন্ত দ্রুত বর্ধনশীল বহু বর্ষজীবী এই লতানে গাছটিতে দুই ধরনের ফুল হয়— পুরুষ ও স্ত্রী। অর্থাৎ পুরুষ এবং স্ত্রী ফুল সম্পূর্ণ আলাদা গাছে জন্মায়। বাজারে কেন্দুরির দাম অন্য সবজির তুলনায় কম, তবে এই সবজিটি পুষ্টিগুণে ভরপুর এবং অসাধারণ ভেষজ গুণ সম্পন্ন।

প্রতি ১০০ গ্রাম টাটকা কেন্দুরি ফলের মধ্যে আছে ৪.৫ গ্রাম কার্বোহাইড্রেট, ১.৫ গ্রাম আঁশ বা ফাইবার, ০.৫ গ্রাম প্রোটিন, ১৮০ আই ইউ ভিটামিন-'এ', ৮ মিলিগ্রাম ভিটামিন-'সি', ০.৬ মিলিগ্রাম লোহা ও ২০ মিলিগ্রাম ক্যালশিয়াম।

নিয়মিত এই সবজি খাওয়া অভ্যেস করলে দেহের ওজন নিয়ন্ত্রণে থাকে। হজমে এবং রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণেও এই সবজিটি সহায়ক। ভিটামিন-'এ' ও ভিটামিন-'সি' মজুত থাকায় শরীরের রোগ প্রতিরোধক ক্ষমতা বাড়াতেও এটি সাহায্য করে।

বাজার ও চাহিদা

পশ্চিমবঙ্গ ও লাগোয়া ঝাড়খণ্ড এবং বিহারে গ্রামীণ এলাকার মানুষের খুবই পছন্দের সবজি কেন্দুরি। তবে বর্তমানে শহর এলাকাতেও কেন্দুরি খাওয়ার চল দ্রুত হারে বাড়ছে। সে জন্য এর বাণিজ্যিক চাষ শুরু হয়ে গেছে। সার্বিক স্বাস্থ্য-সচেতনতা বৃদ্ধির সঙ্গে সঙ্গে অনেক অপরিচিত সবজিও এখন শহর এলাকার লোকেদের পছন্দের তালিকায় জায়গা করে নিয়েছে। তাই এই সব সবজির চাহিদা ও চাষ দুই-ই অবিশ্বাস্য গতিতে বৃদ্ধি পাচ্ছে।

আবহাওয়া ও মাটি

কেন্দুরি উষ্ণ ও আর্দ্র আবহাওয়া বেশি পছন্দ করে। এর বৃদ্ধি ও পরিস্ফূরণের জন্য উপযুক্ত তাপমাত্রা হতে হবে ২৫-৩০ ডিগ্রি সেন্টিগ্রেড জল নিকাশি সুবিধাযুক্ত দোঁয়াশ ও বেলে দোঁয়াশ মাটি কেন্দুরি চাষের জন্য আদর্শ। মাটির পিএইচের (ক্ষারাম্ল) মান হতে হবে ৬.২-৭.৫।

কী ভাবে চাষ

কেন্দুরি চাষের জন্য এই রাজ্যে তেমন উচ্চফলনশীল জাত নেই। কৃষকেরা স্থানীয় জাতের চাষ করেন। তবে বাজারে সরু, লম্বা ও হালকা সবুজ ফলের চাহিদা সবচেয়ে বেশি।

বাণিজ্যিক চাষের জন্য কাণ্ডের টুকরো বা কাটিং থেকে তৈরি চারাই ব্যবহার করা উচিত। বীজ থেকে উৎপাদিত গাছে ফল আসতে দেরি হয় এবং ফলের গুণমানও ঠিক থাকে না। ২০-২৫ সেন্টিমিটার লম্বা কাণ্ডের টুকরো, চারা হিসেবে ব্যবহার করার আগে অবশ্যই ছত্রাকনাশক জলীয় দ্রবণে ৩০ মিনিট ডুবিয়ে নিতে হবে।

এরপর শোধন করে নেওয়া কাটিংগুলি ১.৫ মিটার দূরত্বে আগে থেকে তৈরি করে রাখা গর্তে বসাতে হবে বর্ষার ঠিক আগে। গর্তের মাপ হতে হবে ৩০×৩০×১৫ সেন্টিমিটার।

মাচা তৈরি

লতানো গাছ। ফলে সন্তোষজনক বৃদ্ধির জন্য খুঁটি, নাইলনের দড়ি অথবা লোহার তার দিয়ে মাচা তৈরি করে দিতে হবে। এভাবে চাষ করলে সূর্যের আলো ও বাতাস চলাচল ভালো হবে, রোগ ও পোকার সমস্যা কমবে এবং উৎপন্ন ফলগুলিতে মাটি লেগে যাওয়ার সম্ভাবনা থাকবে না।

সার ও সেচ প্রয়োগ

জমি তৈরির সময় মূল সার হিসেবে বিঘা প্রতি ৪ কেজি নাইট্রোজেন, ৫ কেজি ফসফরাস, ৫ কেজি পটাশ এবং ২০ কুইন্টাল আবর্জনা অথবা গোবর সার মাটির সঙ্গে মিশিয়ে দিতে হবে। আবার গ্রীষ্মকালে গাছে ফল আসার জন্য গাছ প্রতি ২ কেজি গোবর সার, ৫০ গ্রাম ইউরিয়া, ২০০ গ্রাম সুপার ফসফেট ও ২৫ গ্রাম মিউরেট এবং পটাশ প্রয়োগ করতে হবে।

গর্তে চারা বসানোর পরই হালকা সেচ দিতে হবে যাতে সহজে শিকড় বের হয় এবং চারা মাটিতে লেগে যায়। গ্রীষ্মকালে ৫-৭ দিন অন্তর হালকা সেচ দিতে হবে।

গাছের পরিচর্যা

চারা বসানোর পর প্রথম দিকে জমির মাটি থেকে নিয়মিত আগাছা তুলে ফেলতে হবে। শীতকালে গাছের বৃদ্ধি বন্ধ থাকাকালীন, গোড়ার দিক থেকে কাণ্ডের ২০-২৫ সেন্টিমিটার অংশ রেখে বাকিটা কেটে ফেলতে হবে। এর ফলে নতুন করে ডালপালা গজাবে এবং ফুল ও ফল ধরবে। বর্ষাকালে গাছের গোড়ায় জল জমতে দেওয়া যাবে না। জল বের করে দিতে হবে। না হলে গাছ ঝিমিয়ে পড়ে মারা যাবে। নিয়মিত সময়ের ব্যবধানে গাছের গোড়ায় মাটি ধরাতে হবে।

ফসল তোলা ও সংরক্ষণ

কেন্দুরি গাছে বছরে দু' বার ফল ধরে। প্রথম বার ফেব্রুয়ারি থেকে জুন মাস এবং দ্বিতীয় পর্যায়ে বর্ষার সময় থেকে অক্টোবর মাস পর্যন্ত। পরিপক্ব এবং নরম ফলগুলি তুলবেন। দেরি করলে ফলগুলি পেকে যাবে এবং সবজি হিসেবে খাওয়া যাবে না। বিঘা প্রতি গড়ে বছরে ১০-১৫ কুইন্টাল ফলন পাওয়া যাবে।

কেন্দুরি ফলে জলের পরিমাণ বেশি থাকে। ফল সেগুলি বেশি দিন ফেলে রাখা যায় না। তোলার পরে ঘরের স্বাভাবিক পরিবেশে কেন্দুরি বড় জোর ৪-৫ দিন রাখা যায়। তবে হিমঘরে ৭-৮ ডিগ্রি সেন্টিগ্রেড তাপমাত্রায় এবং বাতাসের ৮০ শতাংশ আপেক্ষিক আর্দ্রতায় ফলকে ৮-১০ দিন পর্যন্ত সংরক্ষণ করা যায়।

রোগ-পোকার সমস্যা

কেন্দুরি চাষে খুব একটা রোগ-পোকার আক্রমণ দেখা যায় না। তবু যদি ফলপচা ও পাতার দাগ ধরা নামক ছত্রাক ঘটিত রোগ দেখা দেয়, তাহলে সে ক্ষেত্রে প্রতি লিটার জলে ৪ গ্রাম হিসেবে ব্লাইটক্স মিশিয়ে নেওয়ার ৭ দিন পর দু' বার স্প্রে করলে সুফল পাওয়া যাবে।

পোকার মধ্যে রেড পাম্পকিন বিটল কিছু সমস্যা তৈরি করতে পারে। এই পোকাকে নিয়ন্ত্রণে আনতে কার্বারিল অর্থাৎ সেভিন ৫০ ডব্লুপি প্রতি লিটার জলে ২.৫ গ্রাম হিসেবে মিশিয়ে নেওয়ার পরে আক্রান্ত গাছগুলিতে স্প্রে করতে হবে।

ডিফেন্স রিসার্চে ১৯৫ অ্যাপ্রেন্টিস

১৯৫ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ডিআরডিও)। এটি কেন্দ্রের প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। হায়দরাবাদের রিসার্চ সেন্টার ইমারতের ড. এপিজে আব্দুল কালাম মিসাইল কমপ্লেক্সে অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ (বিভিন্ন সময় সংশোধিত) অনুসারে এক বছরের ট্রেনিং দেওয়া হবে গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস, টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ডিপ্লোমা) এবং ট্রেড অ্যাপ্রেন্টিস (আইটিআই) ক্যাটেগরিতে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: RCI/HRD/Apprenticeship/Advt/2027.

আসনসংখ্যার বিবরণ: গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস: ৫০টি। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং, সেফটি ইঞ্জিনিয়ারিং, অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং, অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং— যে-কোনও একটি শাখায় বি ই বা বি টেক।

টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ডিপ্লোমা): ৩০টি। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং, সেফটি ইঞ্জিনিয়ারিং— যে-কোনও একটি শাখায় ডিপ্লোমা।

আইটিআই অ্যাপ্রেন্টিস: ১১৫টি। শিক্ষাগত যোগ্যতা: ফিটার, ওয়েল্ডার, টার্নার, মেশিনিস্ট, মেকানিক ডিজেল, ইলেক্ট্রনিক-মেকানিক, ইলেক্ট্রিশিয়ান, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, ড্রাফটসম্যান ইঞ্জিনিয়ারিং (মেকানিক্যাল), প্রাইভার— যে-কোনও একটি ট্রেডে আইটিআই কোর্স পাশ।

সব ক্ষেত্রেই প্রার্থীকে মোট অন্তত ৭০ শতাংশ নম্বর বা ৭.৫ সিজিপিএ স্কোর করে থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই ২০২২ থেকে ২০২৬ সালের মধ্যে যোগ্যতামান অর্জন করে থাকতে হবে।

বয়স: ১-৯-২০২৬ তারিখে অন্তত ১৮ বছর।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষা ক্ষেত্রে প্রাপ্ত নম্বর বা ইন্টারভিউয়ের ভিত্তিতে।

প্রথমে অ্যাপ্রেন্টিস হিসেবে নাম রেজিস্ট্রেশন করতে হবে গ্র্যাজুয়েট ও ডিপ্লোমা অ্যাপ্রেন্টিসদের ক্ষেত্রে এই ওয়েবসাইটে: https://nats.education.gov.in এবং আইটিআই অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে এই ওয়েবসাইটে: https://apprenticeshipindia.gov.in এরপর সংশ্লিষ্ট ওয়েবসাইটের এস্টাবলিশমেন্ট সার্চ অপশনে গিয়ে ডিআরডিও-র এনরোলমেন্ট বা এস্টাবলিশমেন্ট আইডি: STLRAC000010 (NATS পোর্টালের ক্ষেত্রে) এবং E05203600040 (NAPS পোর্টালের ক্ষেত্রে) ব্যবহার করে আবেদন করতে হবে।

আবেদনের শেষ তারিখ ১ নভেম্বর।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.drdo.gov.in

মুম্বই ন্যাভাল ডকইয়ার্ডে ২৬৮ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

২৬৮ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে মুম্বই ন্যাভাল ডকইয়ার্ডের, ডকইয়ার্ড অ্যাপ্রেন্টিস স্কুল। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ এবং অ্যাপ্রেন্টিসশিপ রুলস, ১৯৯২ অনুসারে ১ থেকে ২ বছরের ট্রেনিং হবে বিভিন্ন ট্রেডে। যাঁরা আগে এই ট্রেনিং নিয়েছেন বা বর্তমানে এই ধরনের কোনও ট্রেনিংয়ের সঙ্গে যুক্ত, তাঁরা আবেদন করবেন না। ট্রেনিং চলাকালীন প্রতি মাসে নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: DAS (MBI)/APP/IT-28.

ট্রেড অনুসারে আসনসংখ্যা: কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ৬টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ওবিসি ১)। **ইলেক্ট্রিশিয়ান** ৩৭টি (সাধারণ ২৩, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৩, ওবিসি ৭)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **ইলেক্ট্রনিক্স মেকানিক** ২১টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ওবিসি ৪)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইন্টেন্যান্স** ৪টি (সাধারণ ৩, ওবিসি ১)। **ফিটার** ২১টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ওবিসি ৪)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **মেশিনিস্ট** ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ২)। **মেরিন ইঞ্জিন ফিটার** ১৭টি (সাধারণ ১০, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ওবিসি ৩)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **ম্যাসন** ৩টি (সাধারণ ২, ওবিসি ১)। **মেকানিক (এমবেডেড সিস্টেম অ্যান্ড পিএলসি)** ৫টি (সাধারণ ৪, ওবিসি ১)। **মেকানিক ডিজেল** ২৩টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ওবিসি ৪)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **মেকানিক ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স** ৮টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ১)। **মেকানিক মেকট্রনিক্স** ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ১)। **মেকানিক এমটিএম** ১১টি (সাধারণ ৭, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ২)। **মেকানিক রেফ্রিজারেটর অ্যান্ড এসি** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ওবিসি ১)। **পেইন্টার (জেনারেল)** ৮টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ওবিসি ২)। **পাইপ ফিটার** ৭টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ১)। **শিপরাইট স্টিল** ৭টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ১)। **শিপরাইট উড** ২৪টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ওবিসি ৫)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **টিগ/মিগ ওয়েল্ডার** ১১টি (সাধারণ ৭, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ২)। **ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক)** ১৯টি (সাধারণ ১১, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ওবিসি ৪)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **ওয়েল্ডার (পাইপ অ্যান্ড প্রেশার ভেসেলস)** ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ২)। **ক্রেন অপারেটর ওভারহেড (এসআই)** ৩টি (সাধারণ ২, ওবিসি ১)। **রিগার** ৩টি (সাধারণ ২, ওবিসি ১)।

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেই সঙ্গে সংশ্লিষ্ট বা সমতুল ট্রেডে এনসিভিটি বা এসসিভিটি স্বীকৃত আইটিআই কোর্স পাশ। রিগারের ক্ষেত্রে ক্লাস এইট পাশ। ক্রেন অপারেটরের ক্ষেত্রে মাধ্যমিক পাশ। সব ক্ষেত্রেই প্রার্থীকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

বয়স: ২৭-১০-২০২৬ তারিখে অন্তত ১৪ বছর হতে হবে। টিগ/মিগ ওয়েল্ডার, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক), ওয়েল্ডার (পাইপ অ্যান্ড প্রেশার ভেসেলস), পেইন্টার (জেনারেল) ট্রেডের ক্ষেত্রে অন্তত ১৮ বছর হতে হবে। কোনও উর্ধ্বসীমা নেই।

স্টাইপেন্ড: ক্রেন অপারেটর ওভারহেড ট্রেডের ক্ষেত্রে নির্দিষ্ট মাসিক ৮,২০০ টাকা, রিগার ট্রেডের ক্ষেত্রে নির্দিষ্ট মাসিক ৬,৮০০ টাকা। বাকি সব ক'টি ট্রেডের ক্ষেত্রে নির্দিষ্ট মাসিক ৯,৬০০ টাকা।

দৈহিক মাপজোক: উচ্চতা অন্তত ১৩৭ সেমি। বুকের ছাতি অন্তত ৩.৮ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। ওজন অন্তত ২৫.৪ কেজি হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল সায়েন্স (৩৫ নম্বর), ম্যাথমেটিক্স (৩৫ নম্বর) ও জেনারেল নলেজ (৩০ নম্বর) বিষয়ে। সময় ২ ঘণ্টা। পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ইন্টারভিউ হবে। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.apprenticeshipregistration.com প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। ২৭ অক্টোবর পর্যন্ত অনলাইন আবেদন করা যাবে। অনলাইন আবেদনের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো, সই-সহ যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

সেনাবাহিনীতে গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার

৩০ জন ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট নেবে ভারতীয় সেনাবাহিনী। ১৪৫তম টেকনিক্যাল গ্র্যাজুয়েট কোর্সে (টিজিসি) ট্রেনিং হবে। নিয়োগ হবে বিভিন্ন শাখায়। কেবল অবিবাহিত তরুণরা আবেদন করবেন। দেরাদুনের ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমিতে এক বছরের ট্রেনিং শুরু হবে পরের বছরের জুলাই মাসে।

শাখা অনুসারে শূন্যপদ: সিভিল ৮টি, কম্পিউটার সায়েন্স ৬টি, ইলেক্ট্রিক্যাল ২টি, ইলেক্ট্রনিক্স ৬টি, মেকানিক্যাল ৬টি, মিসলেনিয়াস ২টি।

শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বা সমতুল ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি বা কম্পিউটার সায়েন্সে এম এসসি ডিগ্রি। ফাইনাল ইয়ারের ছাত্ররাও আবেদনের যোগ্য। সেক্ষেত্রে আগামী বছরের ১ জুলাইয়ের মধ্যে পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে এবং কোর্স শুরুর ১২ সপ্তাহের মধ্যে পরীক্ষা পাশের সার্টিফিকেট দাখিল করতে হবে।

সমতুল শাখাগুলি হল: সিভিলের (সিভিল, আর্কিটেকচার ও বিল্ডিং কনস্ট্রাকশন অ্যান্ড টেকনোলজি) ক্ষেত্রে সিভিল ইঞ্জিনিয়ারিং, সিভিল এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড প্ল্যানিং, সিভিল অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার ইঞ্জিনিয়ারিং, সিভিল টেকনোলজি, কনস্ট্রাকশন ইঞ্জিনিয়ারিং, কনস্ট্রাকশন ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, কনস্ট্রাকশন টেকনোলজি, কনস্ট্রাকশন টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট, আর্কিটেকচার ইঞ্জিনিয়ারিং, বিল্ডিং ইঞ্জিনিয়ারিং অ্যান্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট, বিল্ডিং অ্যান্ড কনস্ট্রাকশন টেকনোলজি, বিল্ডিং কনস্ট্রাকশন টেকনোলজি।

কম্পিউটার সায়েন্সের (কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার টেকনোলজি, এম এসসি কম্পিউটার সায়েন্স, ইনফর্মেশন টেকনোলজি) ক্ষেত্রে কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার টেকনোলজি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, থ্রি-ডি অ্যানিমেশন অ্যান্ড গ্রাফিক্স, অ্যাডভান্সড কম্পিউটার অ্যাপ্লিকেশন, কম্পিউটার অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড অ্যাপ্লিকেশন, কম্পিউটার নেটওয়ার্কিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড সিস্টেম ইঞ্জিনিয়ারিং, কম্পিউটিং ইন কম্পিউটিং, কম্পিউটিং ইন মাল্টিমিডিয়া, কম্পিউটিং ইন সফটওয়্যার, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ম্যাথমেটিক্স অ্যান্ড কম্পিউটিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং (সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং), কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (নেটওয়ার্কস), ন্যানো সায়েন্স অ্যান্ড টেকনোলজি, ন্যানো টেকনোলজি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড অ্যাপ্লায়েড ম্যাথমেটিক্স, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সাইবার সিকিউরিটি), কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স), কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স অ্যান্ড মেশিন লার্নিং), কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (ইন্টারনেট অব থিংস অ্যান্ড সাইবার সিকিউরিটি ইনক্লুডিং ব্লক চেইন টেকনোলজি), কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (ইন্টারনেট অব থিংস), আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স অ্যান্ড ডেটা সায়েন্স, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স অ্যান্ড মেশিন লার্নিং, ডেটা সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (ডেটা সায়েন্স), ইনফর্মেশন টেকনোলজি, ইনফর্মেশন সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি, ইনফর্মেশন ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন সায়েন্স অ্যান্ড টেকনোলজি, ইনফর্মেশন টেকনোলজি অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, জিও ইনফমেটিক্স।

ইলেক্ট্রিক্যালের (ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স) ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স (পাওয়ার সিস্টেম), ইলেক্ট্রিক্যাল অ্যান্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং।

ইলেক্ট্রনিক্সের ক্ষেত্রে কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিক্রেশনস, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (কমিউনিকেশন সিস্টেম ইঞ্জিনিয়ারিং), ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইন্ডাস্ট্রি ইন্টিগ্রেটেড), ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (মাইক্রোওয়েভ), অ্যাডভান্সড ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (টেকনোলজিনিশিয়ান ইলেক্ট্রনিক রেডিয়ো), অ্যাপ্লায়েড় ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্টেশন টেকনোলজি, রোবোটিক্স অ্যান্ড অটোমেশন, অটোমেশন অ্যান্ড রোবোটিক্স, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, পাওয়ার ইলেক্ট্রনিক্স, পাওয়ার ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার ইঞ্জিনিয়ারিং, ডিজিটাল টেকনিক্স ফর ডিজাইন অ্যান্ড প্ল্যানিং, ইলেক্ট্রনিক্স সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কন্ট্রোল সিস্টেমস, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স ডিজাইন টেকনোলজি, ইলেক্ট্রনিক্স সিস্টেম ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স টেকনোলজি, রেডিয়ো ফিজিক্স অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিমেটিক্স ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, অপ্টো ইলেক্ট্রনিক্স, অপ্টিক্স অ্যান্ড অপ্টো ইলেক্ট্রনিক্স, ফাইবার অপ্টিক্স, মাইক্রো ইলেক্ট্রনিক্স অ্যান্ড মাইক্রোওয়েভ ইঞ্জিনিয়ারিং, স্যাটেলাইট কমিউনিকেশন।

মেকানিক্যালের ক্ষেত্রে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন ইঞ্জিনিয়ারিং, অ্যাডভান্সড মেকাট্রনিক্স অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল অটোমেশন ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (অটোমোবাইল), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ইন্ডাস্ট্রি ইন্টিগ্রেটেড), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ম্যানুফ্যাকচারিং ইঞ্জিনিয়ারিং), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (প্রোডাকশন), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ওয়েল্ডিং টেকনোলজি), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (অটোমোবাইল), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিজাইন, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, প্রোডাকশন অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং, অটোমোবাইল মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ারিং, অটোমোটিভ টেকনোলজি, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, ম্যানুফ্যাকচারিং ইঞ্জিনিয়ারিং, ম্যানুফ্যাকচারিং ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, ম্যানুফ্যাকচারিং প্রোসেস অ্যান্ড অটোমেশন ইঞ্জিনিয়ারিং, ম্যানুফ্যাকচারিং সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ম্যানুফ্যাকচারিং টেকনোলজি, ওয়ার্কশপ টেকনোলজি, অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং, অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিং, অ্যারো স্পেস ইঞ্জিনিয়ারিং, এয়ারক্রাফট মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ারিং, অ্যাভিওনিক্স ইঞ্জিনিয়ারিং, অ্যাভিয়েশন ইঞ্জিনিয়ারিং।

মিসলেনিয়াসের ক্ষেত্রে প্লাস্টিক টেকনোলজি, রিমোট সেন্সিং, ব্যালিস্টিক্স ইঞ্জিনিয়ারিং, বায়ো মেডিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড বায়ো মেডিক্যাল ইঞ্জিনিয়ারিং, ফুড ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেটালার্জি অ্যান্ড মেটিরিয়াল টেকনোলজি, মেটালার্জিক্যাল অ্যান্ড মেটিরিয়ালস ইঞ্জিনিয়ারিং, মেটিরিয়াল সায়েন্স অ্যান্ড টেকনোলজি, মেটালার্জি অ্যান্ড এক্সপ্লোসিভস ইঞ্জিনিয়ারিং, লেজার টেকনোলজি, বায়ো টেকনোলজি, রাবার টেকনোলজি, কেমিক্যাল টেকনোলজি, ট্রান্সপোর্টেশন ইঞ্জিনিয়ারিং, মাইনিং ইঞ্জিনিয়ারিং, নিউক্লিয়ার সায়েন্স অ্যান্ড টেকনোলজি, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং।

বয়স: ১-৭-২০২৭ তারিখে ২০ থেকে ২৭ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ১-৭-২০০০ থেকে ৩০-৬-২০০৭-এর মধ্যে।

ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ পাওয়া যাবে ৫৬,১০০ টাকা। ট্রেনিং শেষে বেতনক্রম ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। সঙ্গে মিলিটারি সার্ভিস পে ১৫,৫০০ টাকা-সহ অন্যান্য সুযোগ-সুবিধা। নিয়োগ হবে লেফটেন্যান্ট র‍্যাঙ্কে। চিফ অব দি আর্মি স্টাফ র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ রয়েছে।

প্রার্থী বাছাই করবে সার্ভিস সিলেকশন বোর্ড, দু' দফার ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রথম দফার ইন্টারভিউয়ে সফল হলে তবেই পরের ইন্টারভিউয়ের জন্য ডাক পাওয়া যাবে। অন্যথায় সেদিনই ফেরত পাঠানো হবে। সব মিলিয়ে ৫ দিনের ইন্টারভিউ। ইন্টারভিউ হবে প্রয়াগরাজ বা ভোপাল বা বেঙ্গালুরু বা জলন্ধরে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে, তারপর আবেদন। অনলাইন আবেদন করা যাবে ২৯ অক্টোবর পর্যন্ত। অনলাইন দরখাস্ত জমা দেওয়ার প্রক্রিয়া শেষ হয়ে যাওয়ার অন্তত ৩০ মিনিট পর রোল নম্বর-সহ পূরণ করা আবেদনপত্রের ২ কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

রেলওয়ে ক্যাটারিংয়ে অ্যাপ্রেন্টিস

ফিনান্স, ক্যাটারিং, ট্যুরিজম-সহ বিভিন্ন বিভাগে ২৭ জনকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ইন্ডিয়ান রেলওয়ে ক্যাটারিং অ্যান্ড ট্যুরিজম কর্পোরেশন (আইআরসিটিসি)। অ্যাপ্রেন্টিসশিপ অ্যাক্ট অনুসারে ১ বছরের প্রশিক্ষণ দেওয়া হবে মুম্বইয়ে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: 2026-27/IRCTC/WZ/Apprentice

আসনসংখ্যার বিন্যাস: **কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট (কোপা): ১২টি। শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক। সেই সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে এনসিভিটি বা এসসিভিটি স্বীকৃত আইটিআই কোর্স পাশ।

এক্সিকিউটিভ প্রোকিওরমেন্ট: ৬টি। শিক্ষাগত যোগ্যতা: কমার্স নিয়ে স্নাতক স্তরে পাঠরত হতে হবে। অথবা সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট বা সমতুল বিষয় পড়ে থাকতে হবে। সিএ ইন্টার পাশ প্রার্থীরাও আবেদনের যোগ্য।

হিউম্যান রিসোর্স এক্সিকিউটিভ: ৩টি। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক।

মার্কেটিং অপারেশনস অ্যান্ড অ্যানালিটিক্স: ৬টি। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক।

উপরোক্ত সব ক্ষেত্রেই প্রার্থীকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক পাশ করে থাকতে হবে।

বয়স: ৩০-৯-২০২৬ তারিখে ১৫ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩, প্রাক্তন সমরকর্মী ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.apprenticeshipindia.gov.in আবেদনের শেষ তারিখ ১৮ অক্টোবর।

আবেদনের সময় স্ক্যান করে আপলোড করতে হবে— প্রার্থীর রঙিন ফটো, বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্র, কাস্ট এবং ওবিসি সার্টিফিকেট, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট। ৩ মাসের বেশি পুরনো ফটো চলবে না।

আবেদনপত্র যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করবেন। সাবমিট করা আবেদনপত্রের ৩ কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এর মধ্যে ২টি প্রিন্ট আউট নথিপত্র যাচাইয়ের সময় সঙ্গে নিয়ে যেতে হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.irctc.com

ইন্ডিয়ান অয়েলে ৫৮ অ্যাপ্রেন্টিস

৫৮ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১/১৯৭৩ (সময়ানুসারে সংশোধিত) অনুসারে ট্রেড অ্যাপ্রেন্টিস ও টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ক্যাটেগরিতে ট্রেনিং দেওয়া হবে বঙ্গাইগাঁও রিফাইনারিতে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: BGR/Appr/2026/04

ট্রেড অনুসারে আসনের বিন্যাস: ট্রেড অ্যাপ্রেন্টিস: পোস্ট কোড ১০১: অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্ল্যান্ট)/কেমিক্যাল: ৩৬টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ওবিসি ১১, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। **শিক্ষাগত যোগ্যতা:** ৩ বছরের বি এসসি। ম্যাথস, ফিজিক্স, কেমিস্ট্রি বা ইন্ডাস্ট্রিয়াল কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১২ মাস।

পোস্ট কোড ১০৩: বয়লার/মেকানিক্যাল: ১৪টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** ৩ বছরের বি এসসি। ম্যাথস, ফিজিক্স, কেমিস্ট্রি বা ইন্ডাস্ট্রিয়াল কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। **ট্রেনিংয়ের মেয়াদ:** ২৪ মাস।

টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস: পোস্ট কোড ১০৭: ইনস্ট্রুমেন্টেশন: ৮টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং বা অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১২ মাস।

সব ক্ষেত্রেই স্নাতক ও ডিপ্লোমা কোর্সের যোগ্যতামান নির্ণায়ক পরীক্ষায় অন্তত ৫০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

দৈহিক প্রতিবন্ধীদের জন্য নিয়মানুসারে আসন সংরক্ষিত থাকবে।

বয়স: ৩০-৯-২০২৬ তারিখে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

শিক্ষা ক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে।

প্রার্থীকে প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটে: https://nats.education.gov.in/ (টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে), https://apprenticeshipindia.gov.in/ (ট্রেড অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে)। এরপর সংশ্লিষ্ট ওয়েবসাইটের এস্টাবলিশমেন্ট সার্চ অপশনে গিয়ে বঙ্গাইগাঁও রিফাইনারির এস্টাবলিশমেন্ট আইডি: EASCHC000001 (NATS পোর্টালের ক্ষেত্রে) এবং E07191800001 (NAPS পোর্টালের ক্ষেত্রে) ব্যবহার করে আবেদন করতে হবে। সব শেষে আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iocl.com এই ওয়েবসাইটে প্রয়োজনীয় তথ্য আপলোড করার জন্য মাইক্রোসফট ফর্মের লিঙ্ক পাবেন। প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। আবেদনের শেষ তারিখ ১৮ অক্টোবর।

খুঁটিনাটি জানতে দেখুন এই ওয়েবসাইট: www.iocl.com

আইটিবিপি-তে ১২৬ খেলোয়াড়

প্রথম পাতার পর

মহিলা ২)। কায়াকিং ৩টি (পুরুষ ১, মহিলা ২)। রোয়িং ১টি (মহিলা)। এমটিবি সাইক্লিং ২টি (পুরুষ ১, মহিলা ১)। ক্যারাটে ৪টি (পুরুষ ২, মহিলা ২)।

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল।

খেলাধুলার যোগ্যতা: আন্তর্জাতিক স্তরের স্বীকৃত কোনও প্রতিযোগিতায় দেশের প্রতিনিধিত্ব করে থাকতে হবে বা পদক জিতে থাকতে হবে। অথবা সিনিয়র বা জুনিয়র স্তরে ন্যাশনাল চ্যাম্পিয়নশিপ বা ইন্টার ইউনিভার্সিটি কম্পিটিশন বা খেলো ইন্ডিয়া গেমসে পদক জিতে থাকতে হবে।

১-১-২০২৪ থেকে ১-১১-২০২৬-এর মধ্যে আয়োজিত প্রতিযোগিতার ফলাফলই কেবল গ্রাহ্য করা হবে।

দৈহিক মাপজোক: উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে ১৭০ সেমি (তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি, গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৫৭ সেমি এবং চরম বামপন্থা অধ্যুষিত জেলার তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৬০ সেমি)। মহিলাদের ক্ষেত্রে ১৫৭ সেমি (তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৫০ সেমি, গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৫২.৫ সেমি এবং চরম বামপন্থা অধ্যুষিত জেলার তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৪৭.৫ সেমি)। বুকের ছাতি: শুধুমাত্র পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি (গোর্খাদের ক্ষেত্রে যথাক্রমে ৭৭ ও ৮২ সেমি এবং তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি)। সব ক্ষেত্রেই বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন হতে হবে। মনে রাখবেন, গোর্খা প্রার্থীদের গোর্খা টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশনের অধীনস্থ দার্জিলিং, কালিম্পং ও কার্শিয়াং মহকুমার নির্ধারিত ১৮টি মৌজার বাসিন্দা হতে হবে। দৃষ্টিশক্তি: কাছের ক্ষেত্রে চশমা ছাড়া ভালো চোখে এন-৬, খারাপ চোখে এন-৯। দূরের ক্ষেত্রে চশমা ছাড়া ভালো চোখে ৬/৬, খারাপ চোখে ৬/৯। চশমা থাকলে আবেদন করা যাবে না। রং চেনার ক্ষমতা সিপি-থ্রি মানের হতে হবে।

বয়স: ১-১১-২০২৬ তারিখে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩ বছরের ছাড় পাবেন।

বেতনক্রম: ২১,৭০০-৬৯,১০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে খেলাধুলার যোগ্যতা, দৈহিক মাপজোক যাচাই ও মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://recruitment.itbpolice.nic.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১ নভেম্বর পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। মহিলা ও তফসিলি প্রার্থীদের ফি দিতে হবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

কর্মক্ষেত্র তথ্যভাণ্ডার

যে-কোনও চাকরির পরীক্ষার প্রস্তুতিতে অপরিহার্য বিবিধ তথ্য।

আগের পর্বের পর

গ্রামীণ স্বায়ত্তশাসন ব্যবস্থা (Rural Self Government)

জেলা পরিষদ (Zilla Parishad)

গঠন

পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন অনুসারে পঞ্চায়েত ব্যবস্থার সর্বোচ্চ স্তরে হল জেলা পরিষদ। নিম্নলিখিত সদস্যদের নিয়ে এই পরিষদ গঠিত হয়—

- ❑ জেলার অন্তর্গত পঞ্চায়েত সমিতির সভাপতিগণ (পদাধিকারবলে)।
- ❑ প্রতিটি ব্লক থেকে বিধানসভার নির্বাচকমণ্ডলী কর্তৃক নির্বাচিত অনধিক ৩ জন সদস্য।
- ❑ জেলা থেকে নির্বাচিত লোকসভা ও রাজ্য বিধানসভার সদস্যবৃন্দ (মন্ত্রী বাদে)।
- ❑ জেলার মধ্যে বসবাসকারী রাজ্যসভার সদস্যগণ (মন্ত্রী বাদে)।

লক্ষণীয় বিষয় হল; ১৯৯২ সালে প্রণীত ৭৩তম সংবিধান সংশোধনী আইনের সঙ্গে সাযুজ্য রেখে ওই বছর পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন সংশোধনের মাধ্যমে এই ব্যবস্থা করা হয়েছে যে, ব্লক সমূহ থেকে প্রতিটি জেলা পরিষদে নির্বাচকমণ্ডলী কর্তৃক নির্বাচিত মোট সদস্যসংখ্যার একটি অংশ তফসিলি জাতি ও উপজাতি এবং মহিলাদের জন্য সংরক্ষিত থাকবে। গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতিতে যে পদ্ধতি অনুযায়ী আসন সংরক্ষণের ব্যবস্থা রয়েছে, জেলা পরিষদেও সেই একই পদ্ধতি অনুসৃত হয়। তাছাড়া, বর্তমানে তফসিলি জাতি ও উপজাতি এবং মহিলাদের জন্য সভাধিপতি ও সহকারী সভাধিপতির পদও সংরক্ষিত রাখার ব্যবস্থা করা হয়েছে। জেলা পরিষদের প্রথম সভায় সদস্যরা একজনকে সভাধিপতি এবং অন্য একজনকে সহকারী সভাধিপতি হিসেবে নির্বাচন করেন। সভাধিপতি ও সহকারী সভাধিপতিকে পূর্ণ সময়ের জন্য কাজ করতে হয় বলে তাঁদের নিজ নিজ কর্মস্থল থেকে ছুটি নিতে হয়। লোকসভা, রাজ্যসভা কিংবা বিধানসভার কোনও সদস্য সভাধিপতি কিংবা সহকারী সভাধিপতি হিসেবে নির্বাচিত হতে পারেন না। সভাধিপতি ও সহকারী সভাধিপতি-সহ জেলা পরিষদের অন্য সদস্যদের কার্যকালের মেয়াদ হল ৫ বছর।

স্থায়ী সমিতি

প্রতিটি জেলা পরিষদের কয়েকটি স্থায়ী সমিতি আছে, যথা—

- ❑ অর্থ, সংস্থা, উন্নয়ন ও পরিকল্পনা সংক্রান্ত স্থায়ী সমিতি।
- ❑ জনস্বাস্থ্য ও পরিবেশ-সংক্রান্ত, স্থায়ী সমিতি।
- ❑ পূর্তকার্য ও পরিবহণ সংক্রান্ত স্থায়ী সমিতি।
- ❑ কৃষি, সেচ ও সমবায় সংক্রান্ত স্থায়ী সমিতি।
- ❑ শিক্ষা, সংস্কৃতি, তথ্য ও ক্রীড়া সংক্রান্ত স্থায়ী সমিতি।
- ❑ শিশু ও নারী উন্নয়ন, জনকল্যাণ ও ত্রাণ সংক্রান্ত স্থায়ী সমিতি।
- ❑ বন ও ভূমিসংস্কার সংক্রান্ত স্থায়ী সমিতি।
- ❑ মৎস্য ও প্রাণী-সম্পদ বিকাশ সংক্রান্ত স্থায়ী সমিতি।
- ❑ খাদ্য ও সরবরাহ সংক্রান্ত স্থায়ী সমিতি ।
- ❑ ক্ষুদ্র শিল্প, বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি সংক্রান্ত স্থায়ী সমিতি এবং
- ❑ রাজ্য সরকারের অনুমোদন সাপেক্ষে পঞ্চায়েত সমিতি কর্তৃক গঠিত অন্য যে কোনও স্থায়ী সমিতি। প্রতিটি স্থায়ী সমিতি যেসব সদস্যকে নিয়ে গঠিত হয় তাঁরা হলেন— (i) জেলা পরিষদের সভাধিপতি ও সহকারী সভাধিপতি (পদাধিকারবলে), (ii) জেলা পরিষদের সদস্যদের দ্বারা তাঁদের মধ্যে থেকে অন্তত ৩ জন এবং অনধিক ৫ জন নির্বাচিত সদস্য এবং (iii) রাজ্য সরকার বা কোনো বিধিবদ্ধ সংস্থা অথবা নিগমের আধিকারিকগণ কিংবা বিশেষজ্ঞ ব্যক্তিদের মধ্য থেকে যতজনকে নিয়োগ করা প্রয়োজন বলে রাজ্য সরকার মনে করবে, ততজন সদস্য নিযুক্ত হতে পারবেন। কিন্তু ওইসব আধিকারিক জেলা পরিষদের স্থায়ী সমিতির কর্মাধ্যক্ষপদে নির্বাচিত হতে পারেন না এবং তাঁদের কোনো ভোটাধিকারও থাকে না। স্থায়ী সহকারী সভাধিপতি ছাড়া অন্য কোনও ব্যক্তি দুটির বেশি স্থায়ী সমিতির সদস্য হতে পারেন না। স্থায়ী সমিতির সদস্যদের কার্যকালের মেয়াদ ৫ বছর। প্রতিটি স্থায়ী সমিতির সদস্যগণ নিজেদের মধ্য থেকে এক জনকে সভাপতি হিসেবে নির্বাচন করেন। তাঁকে কর্মাধ্যক্ষ বলা হয়। জেলা পরিষদের কর্মসচিব স্থায়ী সমিতিগুলির কর্মসচিব হিসেবেও কাজ করেন। প্রতিটি স্থায়ী সমিতির কর্মসচিব কর্মাধ্যক্ষের সঙ্গে পরামর্শ করে সংশ্লিষ্ট স্থায়ী সমিতির সভা আহ্বান করতে পারেন। প্রসঙ্গত উল্লেখ করা যেতে পারে যে, গ্রামীণ স্বায়ত্তশাসনব্যবস্থাকে অনিয়ম ও দুর্নীতির হাত থেকে মুক্ত করার উদ্দেশ্যে ২০০৩ সালের জুলাই মাসে বামফ্রন্ট সরকার পঞ্চায়েত আইন সংশোধন করে প্রতিটি স্থায়ী সমিতিতে বিরোধী দলের সদস্যদের আবশ্যিকভাবে অন্তর্ভুক্ত করার ব্যবস্থা করেছে। জেলা পরিষদের সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ স্থায়ী সমিতি অর্থাৎ অর্থ, সংস্থা, উন্নয়ন ও পরিকল্পনা বিষয়ক স্থায়ী সমিতিতে জেলা পরিষদে নির্বাচিত সর্বাপেক্ষা বৃহৎ রাজনৈতিক দলের নেতা বা নেত্রীকে আবশ্যিকভাবে অন্তর্ভুক্ত করতে হয়।

সমন্বয় সমিতি

প্রতিটি জেলা পরিষদের একটি করে সমন্বয় সমিতি থাকে। (i) সভাধিপতি, (ii) সহকারী সভাধিপতি, (iii) প্রতিটি স্থায়ী সমিতির কর্মাধ্যক্ষ, (iv) নির্বাহী আধিকারিক ও অতিরিক্ত নির্বাহী আধিকারিককে নিয়ে সমন্বয় সমিতি গঠিত হয়। জেলা পরিষদের সচিব সমন্বয় সমিতিরও সচিব হিসেবে কাজ করেন। প্রতি মাসে অন্তত একবার সমন্বয় সমিতির সভা অনুষ্ঠিত হয়। জেলা পরিষদের কার্যাবলির সঙ্গে বিভিন্ন স্থায়ী সমিতির কার্যাবলির এবং একটি স্থায়ী সমিতির কার্যাবলির সঙ্গে অন্যান্য স্থায়ী সমিতির কার্যাবলির সমন্বয়সাধনের দায়িত্ব সমন্বয় সমিতির হাতে অর্পণ করা হয়েছে। তা ছাড়া, জেলা পরিষদ কর্তৃক গৃহীত কোনও কর্মসূচির বাস্তব রূপায়ণের দায়িত্ব পঞ্চায়েত সমিতিগুলির হাতে অর্পণ করা হলে সমন্বয় সমিতি সে সম্পর্কে তাদের প্রয়োজনীয় পরামর্শ দান করতে পারে। এইসব কাজ ছাড়াও জেলা পরিষদ কর্তৃক ন্যস্ত কোনও কাজ বা দায়িত্ব পালন করাও সমন্বয় সমিতির কর্তব্য বলে বিবেচিত হয়।

জেলা সংসদ

২০০৩ সালের জুলাই মাসে প্রণীত পশ্চিমবঙ্গ পঞ্চায়েত (সংশোধন) আইন অনুসারে প্রতিটি জেলা পরিষদ স্তরে একটি করে জেলা সংসদ গঠন করতে হবে। জেলা সংসদের যারা সদস্য হবেন, তাঁরা হলেন

- ❑ জেলার সব গ্রাম পঞ্চায়েতের প্রধান,
- ❑ পঞ্চায়েত সমিতিগুলির সভাপতিগণ,
- ❑ পঞ্চায়েত সমিতিগুলির সহকারী সভাপতিবৃন্দ,
- ❑ পঞ্চায়েত সমিতিগুলির কর্মাধ্যক্ষগণ এবং
- ❑ জেলা পরিষদের সব সদস্য। প্রতি বছর জেলা সংসদের অন্তত দুটি বৈঠক আহ্বান করে সেখানে যাবতীয় হিসাব, বাজেট ও অডিট রিপোর্ট পেশ করতে হবে।

ক্ষমতা ও কার্যাবলি

জেলা পরিষদের ক্ষমতা ও কার্যাবলির মধ্যে বিশেষ উল্লেখযোগ্য হল—

✓ কৃষি, পশুপালন, কুটিরশিল্প, সমবায় আন্দোলন, গ্রামীণ ঋণ, জল সরবরাহ, সেচ, ঔষধালয় এবং হাসপাতাল-সহ জনস্বাস্থ্য, যোগাযোগ, ছাত্রকল্যাণ-সহ প্রাথমিক ও বয়স্ক শিক্ষা, সমাজকল্যাণ ও অন্যান্য সর্বজনীন জনহিতকর উদ্দেশ্যে প্রকল্প গ্রহণ অথবা আর্থিক সাহায্য প্রদান সহ যেকোনও ব্যবস্থা গ্রহণ করা।

✓ রাজ্য সরকার যে কোনও প্রকল্প নির্বাহের কিংবা যে কোনও কর্তব্য সম্পাদনার অথবা যে কোনও প্রতিষ্ঠান বা সংগঠন পরিচালনার দায়িত্ব অর্পণ করলে সেই দায়িত্ব পালন করা।

✓ যে কোনও জনহিতকর কার্য পরিচালনা করা কিংবা জেলা পরিষদের পরিচালনাধীন যে কোনও প্রতিষ্ঠান পরিচালনা বা রক্ষণাবেক্ষণ করা।

✓ জেলার মধ্যে অবস্থিত যে কোনও বিদ্যালয়, সাধারণ পাঠাগার, জনপ্রতিষ্ঠান বা জনকল্যাণকর সংগঠন পরিচালনার জন্য অনুদান প্রদান করা।

✓ জেলার অধিবাসীদের পক্ষে কল্যাণকর অথচ জেলার বাইরে অবস্থিত যে কোনও প্রতিষ্ঠানের পরিচালনা সংক্রান্ত ব্যয়নির্বাহের জন্য অর্থ প্রদান করা।

✓ রাজ্যের মধ্যে প্রযুক্তিগত ও অন্যান্য যে কোনও বিশেষ ধরণের শিক্ষার উন্নতির জন্য বৃত্তি প্রদান করা।

✓ গ্রাম্য হাট ও বাজারের মালিকানা অধিগ্রহণ ও রক্ষণাবেক্ষণ করা।

✓ পঞ্চায়েত সমিতি ও গ্রাম পঞ্চায়েতসমূহকে অনুদান প্রদান করা।

✓ জেলার মধ্যে অবস্থিত যে কোনও পৌরসভা কর্তৃক জল সরবরাহ বা মহামারি প্রতিরোধকল্পে গৃহীত ব্যবস্থাদির ব্যয় নির্বাহে অংশগ্রহণ করা।

✓ আর্তদের ত্রাণের ব্যবস্থা করা।

✓ জেলাস্থিত পঞ্চায়েত সমিতিগুলির উন্নয়ন পরিকল্পনা ও প্রকল্পসমূহের মধ্যে সমন্বয় সাধন করা।

✓ জেলাস্থিত পঞ্চায়েত সমিতিগুলির বাজেট পরীক্ষা ও অনুমোদন করা।

✓ পঞ্চায়েত সমিতি ও গ্রাম পঞ্চায়েতসমূহ কর্তৃক পরিচালিত উন্নয়ন কার্যাবলি সম্বন্ধে রাজ্য সরকারকে পরামর্শ দেওয়া।

✓ কোনও প্রকল্প সুসম্পন্ন করার জন্য কোনও পঞ্চায়েত সমিতি আর্থিক সংকটে পড়লে ওই প্রকল্প বাস্তবায়নের দায়িত্ব নিজ হাতে গ্রহণ করা অথবা সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতির হাতে সেই দায়িত্ব ন্যস্ত করে আর্থিক সাহায্য করা।

✓ কোনও প্রকল্প একাধিক ব্লকে সম্প্রসারিত থাকলে সেই প্রকল্পের দায়িত্ব গ্রহণ করা।

✓ ১৮৮০ সালের বঙ্গীয় টিকা আইনের ২৫ নং ধারায় বর্ণিত যেসব ক্ষমতা জেলাশাসকের হাতে অর্পিত হয়েছে, সেইসব ক্ষমতা কিংবা সেগুলির মধ্যে যে কোনও ক্ষমতা ব্যবহার করা।

✓ জেলার অন্তর্গত রাজ্য-সরকারের মালিকানাধীন কিংবা রাজ্য-সরকার কর্তৃক নিয়ন্ত্রিত যে কোনও রাস্তা, সেতু, খেয়াঘাট, খাল, ঘরবাড়ি অথবা অন্যান্য সম্পত্তির নিয়ন্ত্রণ ও পরিচালনার দায়িত্ব রাজ্য-সরকার জেলা পরিষদের সম্মতিক্রমে তার ওপর ন্যস্ত করলে সেই দায়িত্ব পালন করা।

✓ যেসব রাস্তা পৌরসভার মধ্য দিয়ে জেলার অন্যত্র গিয়েছে, রাজ্য সরকার প্রয়োজন মনে করলে ওইসব রাস্তার নিয়ন্ত্রণ ও পরিচালনার দায়িত্ব পৌরসভার হাত থেকে তুলে নিয়ে জেলা পরিষদের হাতে অর্পণ করলে সেই দায়িত্ব পালন করা।

✓ ব্যক্তিগত অথবা অন্য যে-কোনও কর্তৃপক্ষের মালিকানাধীন যে কোনও রাস্তা, সেতু, পুকুর, ঘাট, খাল, নর্দমা ইত্যাদির নিয়ন্ত্রণ ও পরিচালনার দায়িত্ব শর্তানুযায়ী নিজ হাতে গ্রহণ করা।

✓ নিজের নিয়ন্ত্রণ ও পরিচালনাধীন যে কোনও রাস্তা সাময়িকভাবে বন্ধ করা এবং রাজ্য সরকারের অনুমতিক্রমে অনুরূপ যে কোনও রাস্তা স্থায়ীভাবে বন্ধ করে দেওয়া;

✓ নিজ নিয়ন্ত্রণ ও পরিচালনাধীন যে কোনও রাস্তা বা রাস্তার অংশ অথবা যে কোনও সম্পত্তি পারস্পরিক চুক্তি অনুযায়ী রাজ্য সরকার, পঞ্চায়েত সমিতি অথবা গ্রাম পঞ্চায়েতের কাছে হস্তান্তর করা।

✓ রাজ্য সরকার প্রয়োজন মনে করলে জেলা পরিষদের হাতে যেসব ক্ষমতা প্রদান করে, সেগুলি যথাযথভাবে সম্পাদন করা।

✓ দুই বা ততোধিক জেলা পরিষদ চুক্তি অনুযায়ী যেসব উন্নয়ন পরিকল্পনা বা প্রকল্প গ্রহণ করে, সেগুলি সুসম্পন্ন করা।

✓ যে কোনও আনন্দানুষ্ঠানের অনুমতি দেওয়া এবং এর জন্য ফি আদায় করা।

✓ জেলার অন্তর্গত পঞ্চায়েত সমিতি ও গ্রাম পঞ্চায়েতগুলি কর্তৃক সম্পাদিত কার্যাবলি তত্ত্বাবধান করা।

✓ জেলা পরিষদের অধীনস্থ পঞ্চায়েত সমিতির স্থাবর সম্পত্তি পরিদর্শন করা অথবা সমিতির নির্দেশ পরিচালিত কার্যাদির তত্ত্বাবধান করা।

✓ পঞ্চায়েত কার্যের অগ্রগতি পরিদর্শন বা পরীক্ষা করা কিংবা সেই উদ্দেশ্যে একজন আধিকারিক নিয়োগ করা এবং

✓ পঞ্চায়েত সমিতির কোনও প্রকল্প বা কর্মসূচিকে রূপায়িত করার জন্য রাজ্য সরকার কর্তৃক প্রদত্ত অর্থের সদ্ব্যবহার হল কি না, তা পরীক্ষা করা।

আয়ের উৎস

জেলা পরিষদের আয়ের প্রধান প্রধান উৎস হল—

✓ রাজ্য সরকার কর্তৃক প্রদত্ত ভূমি-রাজস্বের অংশ।

✓ কেন্দ্রীয় বা রাজ্য-সরকার কর্তৃক প্রদত্ত অনুদান।

✓ কেন্দ্রীয় বা রাজ্য সরকার কর্তৃক প্রদত্ত ঋণ এবং নিজ সম্পদ বন্ধক দিয়ে সংগৃহীত ঋণ।

✓ পথকর ও পূর্তকর থেকে সংগৃহীত আয়।

✓ অভিকর, ফি ইত্যাদি থেকে সংগৃহীত অর্থ।

✓ জেলা পরিষদ কর্তৃক নিয়ন্ত্রিত ও পরিচালিত স্কুল, হাসপাতাল, ঔষধালয়, ঘরবাড়ি, প্রতিষ্ঠান বা কলকারখানা থেকে লব্ধ আয়।

✓ দান বা সাহায্য হিসেবে প্রাপ্ত অর্থ এবং যে-কোনও অছি বা বৃত্তিমূলক প্রতিষ্ঠান থেকে লব্ধ অর্থ।

✓ জরিমানা, আর্থিকদণ্ড ইত্যাদি থেকে সংগৃহীত অর্থ।

✓ জেলাশাসকের কাছে গচ্ছিত চৌকিদারি পুরস্কার তহবিলের উদ্বৃত্ত অর্থ ইত্যাদি।

সমাপ্ত

কারেন্ট অ্যাফেয়ার্স

২৬ সেপ্টেম্বর-৩০ সেপ্টেম্বর

২৬ সেপ্টেম্বর গত পাঁচ মাসের মধ্যে দেশে ৬২ লক্ষের বেশি গ্রাহক রান্নার গ্যাসের (এলপিজি) সংযোগ ছেড়েছেন বলে উঠে এল পেট্রোলিয়াম মন্ত্রকের পরিসংখ্যানে। জানা যাচ্ছে, এপ্রিলের শুরুতে ভারতে গ্যাসের গ্রাহক ছিলেন প্রায় ৩৩.৪ কোটি। সেটা সেপ্টেম্বরের শুরুতে দাঁড়িয়েছে ৩২.৭৮ কোটিতে। পশ্চিম এশিয়ার যুদ্ধের কারণে গ্যাসের জোগান ঘিরে অনিশ্চয়তা এবং ক্রমাগত তার দাম বৃদ্ধি এর অন্যতম কারণ বলে ওয়াকিবহাল মহলের মত।

পাকিস্তানের খাইবার পাখতুনখোয়া প্রদেশের ডেরা ইসমাইল খান জেলায় ভয়াবহ আত্মঘাতী জঙ্গি হামলায় নিহত হলেন ১১ জন। আহত ৩০। পুলিশ জানিয়েছে, রাস্তার ধারের একটি পুলিশ চেকপোস্টে বিস্ফোরক বোঝাই গাড়ি নিয়ে ধাক্কা মারে হামলাকারী। হামলার দায় স্বীকার করেছে তেহরিক-ই-তালিবান।

এশিয়ান গেমসের কবাডিতে পুরুষ ও মহিলা দুই বিভাগেই ইরানকে হারিয়ে সোনা জিতল ভারত। ইরানকে এদিন ৩৭-৩৪ ফলে হারিয়ে সোনা জেতে ভারতের মহিলা দল। এই দলে ছিলেন বাংলার পিঙ্কি রায়। ভারতের জয়ে তাঁর বিশেষ অবদান ছিল। পাশাপাশি পুরুষদের বিভাগেও ইরানকে ৪০-৩৪ ফলে হারিয়ে খেতাব ধরে রাখল ভারত। অন্যদিকে এদিন এশিয়ান গেমসে ম্যারাথনেও রুপো এল। ১৯৮২ সালের পর প্রথমবার ভারতকে এই বিভাগে পদক এনে দিলেন সাবন বরবাল।

ফোনে কথা মোদী-ট্রাম্পের, কটাক্ষ কংগ্রেসের

৩০ সেপ্টেম্বর: ভারত ও আমেরিকার মধ্যে কিছুটা দ্বন্দ্বপূর্ণ আবহাওয়ার মধ্যেই মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে টেলিফোনে কথা বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রীর দফতর এক বিবৃতিতে জানিয়েছে ভারত ও আমেরিকার সামগ্রিক আন্তর্জাতিক কৌশলগত অংশীদারিকে আরও এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে দুই প্রধান তাঁদের প্রতিশ্রুতি ফের তুলে ধরেছেন। এক্স-এ মোদী জানিয়েছেন, বাণিজ্য, প্রতিরক্ষা, জ্বালানি, গুরুত্বপূর্ণ প্রযুক্তি এবং অ্যাপের ক্ষেত্রে আমাদের দ্বিপাক্ষিক সহযোগিতার অগ্রগতি পর্যালোচনা করা হয়েছে। কংগ্রেসের মুখপাত্র জয়রাম রমেশ কটাক্ষ করেছেন, প্রধানমন্ত্রী বৈঠকের যে বর্ণনা দিয়েছেন, তাতে ভারতবাসীর মধ্যে আগ্রহ সৃষ্টিকারী মূল বিষয়গুলিই নেই। যেমন রুশ তেল আমদানি, ভারত-ইরান সম্পর্ক, পেশাদারদের ভিসা এবং পহেলগাম হামলা।

"হাজার হাজার তরুণ ভোট চুরির বিরুদ্ধে পথে নেমেছেন শান্তিপূর্ণভাবে, কোনওরকম হিংসার আশ্রয় না নিয়ে, নিজেদের সাংবিধানিক অধিকার প্রয়োগ করে। ... আর মোদী শাহ সরকারের জবাব কী? রাস্তায় নামা যুবক-যুবতীদের টেনে হিঁচড়ে নিয়ে যাওয়া হচ্ছে। শত শত আন্দোলনকারীকে আটক করা হয়েছে। অপরাধ একটাই, ভোট চুরি নিয়ে প্রশ্ন তোলা।"

রাহুল গান্ধী, *লোকসভার বিরোধী দলনেতা*

মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের পদত্যাগের দাবিতে হওয়া আন্দোলনের পক্ষ নিয়ে

ভারতীয় বিমান চালকের মরিয়া চেষ্টায় বাঁচল বিমান

৩০ সেপ্টেম্বর: ভারতীয় বিমানচালক স্মিত মচ্ছর-এর কৃতিত্বে বাঁচল দুবাই থেকে ইজরায়েলের তেল আভিভ গামী 'ফ্লাই দুবাই'-এর উড়ান। তেল আভিভ সূত্রে জানানো হয়েছে, বিমানটি ৩৪ হাজার ফুট উচ্চতায় থাকাকালীন ককপিটেই একটি ছুরি নিয়ে স্মিতকে আক্রমণ করেন সহ-চালক। বিমানটি নিয়ন্ত্রণ হারিয়ে নীচের দিকে নামতে থাকলে পরিস্থিতি ভয়াবহ হয়। সহ-চালককে আটকাতে বিমানচালক মচ্ছর শেষপর্যন্ত মরিয়া চেষ্টা চালান। শেষপর্যন্ত অন্য বিমানকর্মী এবং কয়েকজন যাত্রীর তৎপরতায় পরিস্থিতি আয়ত্তে আসে। আহত স্মিতের পরিবর্তে বিমানে থাকা দু'জন অফ ডিউটি চালক বিমানটিকে সৌদি আরবের তাবুক বিমানবন্দরে নিয়ে আসেন বলে তেল আভিভ সূত্রে জানা গেছে। গ্রেফতার করা হয় ওমানের নাগরিক সহ-চালককে।

২৭ সেপ্টেম্বর ব্যাঙ্কের কর্মী-অফিসারদের বিভিন্ন ইউনিয়নের যৌথ মঞ্চ ইউএফবিইউ-এর ডাকে টানা তিনদিনের ব্যাঙ্ক ধর্মঘট প্রত্যাহার করে নেওয়া হল। ইউএফবিইউ জানিয়েছে এদিন তাঁদের সঙ্গে ব্যাঙ্ক কর্তৃপক্ষের সংগঠন আইবিএ-র ভার্চুয়াল বৈঠক হয়েছে। সেখানে পাঁচ দিনের সপ্তাহ শুরু-সহ নানা দাবি-দাওয়ার ক্ষেত্রে ইতিবাচক সাড়া মিলেছে। তাই একদম শেষ মুহূর্তে আপাতত ব্যাঙ্ক ধর্মঘটের ডাক প্রত্যাহার করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

২৮ সেপ্টেম্বর রাশিয়া থেকে ভারতের তেল আমদানি আরও নিম্নমুখী হল। জ্বালানি উপদেষ্টা কেপলারের তথ্য জানাচ্ছে সেপ্টেম্বরে আমদানি নেমেছে দৈনিক ১৭.৫ লক্ষ ব্যারেলে। এপ্রিলের ১৫.৮ লক্ষ ব্যারেলের পর যা সবচেয়ে কম। সরকারি সূত্রের খবর, ভূ-রাজনৈতিক উত্তেজনার মধ্যে দাঁড়িয়ে তেল আমদানির উৎস আরও ছড়িয়ে দেওয়ার চেষ্টাই এর কারণ। প্রসঙ্গত, অগস্টে রাশিয়া থেকে এসেছিল দৈনিক গড়ে ২০.২ লক্ষ ব্যারেল। চলতি মাসে রুশ তেলের ঘাটতি মিটিয়েছে ইরাক ও সৌদি আরব।

সন্ত্রাসবাদ মোকাবিলায় 'প্রহার-সন্ত্রাসবাদ বিরোধী নীতি এবং কৌশল' নামে একটি সম্মেলনে প্রত্যর্পণ সংক্রান্ত পোর্টালের উদ্বোধন করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। বিদেশে থাকা অপরাধীদের ফিরিয়ে আনার লক্ষ্যে এই পোর্টালটি ব্যবহার করা হবে। বৈঠকে সন্ত্রাসের মোকাবিলায় আরও বেশি করে প্রযুক্তি নির্ভর ব্যবস্থার উপরে জোর দেন শাহ।

২৯ সেপ্টেম্বর তুরস্কের প্রেসিডেন্ট রিচেপ তায়িপ এর্ডোয়ানের কাশ্মীর নিয়ে বিতর্কিত মন্তব্যের কড়া জবাব দিল নয়াদিল্লি। বিদেশমন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সওয়াল বলেছেন, 'জম্মু-কাশ্মীর ভারতের অবিচ্ছেদ্য অংশ। এ বিষয়ে বাইরের কোনও দেশের হস্তক্ষেপের অধিকার বা এক্তিয়ার নেই।' প্রসঙ্গত, রাষ্ট্রপুঞ্জের সাধারণ সভায় এর্ডোয়ান দক্ষিণ এশিয়ার বিভিন্ন বিরোধের মধ্যে কাশ্মীর প্রসঙ্গ তুলে রাষ্ট্রপুঞ্জের সনদের আওতায় সংলাপের মাধ্যমে তা সমাধানের আহ্বান জানিয়েছিলেন। এই বিষয়টিরই ঘোরতর সমালোচনা করেছে নয়াদিল্লি।

মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের বিরুদ্ধে একতরফা সিদ্ধান্ত নেওয়া সংক্রান্ত অভিযোগে মামলার শুনানিতে রাজি হল সুপ্রিম কোর্ট। সম্প্রতি 'ইন্ডিয়ান এক্সপ্রেস'-এ প্রকাশিত রিপোর্টে বলা হয় জ্ঞানেশের বিভিন্ন সিদ্ধান্ত নিয়ে বাকি দুই নির্বাচন কমিশনার সুখবীর সিংহ সান্ধু ও বিবেক জোশী আপত্তি তুলেছিলেন। এই তদন্ত রিপোর্ট অনুযায়ী তাঁদের অন্ধকারে রেখে বেশ কিছু সিদ্ধান্ত হয়েছে বলে দুই নির্বাচন কমিশনার অভিযোগ করেছেন। প্রবীণ আইনজীবী বিকাশ সিংহ প্রধান বিচারপতির বেঞ্চে দ্রুত শুনানি চেয়ে বলেন, নির্বাচন কমিশনে একাধিক কমিশনার রাখার উদ্দেশ্য যাবতীয় সিদ্ধান্ত ঐকমত্যের ভিত্তিতে হবে অথবা সংখ্যাগরিষ্ঠের সিদ্ধান্ত অনুযায়ী হবে। যেভাবে নির্বাচন কমিশন কাজ করেছে, তাতে সন্দেহ তৈরি হয়েছে যে, এসআইআর নিয়ে কমিশনের যাবতীয় সিদ্ধান্ত আইনমাফিক হচ্ছিল না। প্রধান বিচারপতি সূর্য কান্ত বলেছেন, আগামী সপ্তাহে বিষয়টির শুনানি হবে।

রাজ্যে 'সবুজ সাথী' প্রকল্পের নাম বদলে হল 'সারথি'। সাইকেলের রংও নীল-সাদা থেকে বদলে হয়েছে গেরুয়া। এদিন হাওড়ার ব্যাঁটরা পালচৌধুরী স্কুলে রাজ্যের মধ্যে প্রথম এই সাইকেল দেওয়া শুরু হয়। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। তিনি এদিন জানান, এখন থেকে নবম শ্রেণির বদলে অষ্টম শ্রেণি থেকেই পড়ুয়াদের সাইকেল দেওয়া হবে। পাশাপাশি, স্নাতক স্তরের পড়ুয়াদের জন্য মোট ৫০ হাজার টাকা অনুদান (প্রথম দু-বছর ১৭ হাজার টাকা করে ও শেষ বছরে ১৬ হাজার টাকা) দেওয়া হবে। শুভেন্দু তাঁর বক্তৃতায় জানান, পূর্বতন সরকারের চালু করা কোনও প্রকল্পই বন্ধ হচ্ছে না। বরং সেগুলির গুণগত মানোন্নয়ন করে ও প্রয়োজনে আর্থিক বরাদ্দ বাড়িয়ে চালু রাখা হচ্ছে।

ট্র্যাপ শুটিংয়ে সোনা জিতে ইতিহাস গড়লেন নীরু

২৯ সেপ্টেম্বর: এশিয়ান গেমসে মহিলাদের ট্র্যাপ শুটিংয়ে ভারতকে প্রথম সোনা এনে দিলেন হরিয়ানার ২৬ বছর বয়সি নীরু ঢান্ডা। একই সঙ্গে গড়লেন তিনটি রেকর্ড। পেলেন দলগত রুপোও। এদিন আটজনের ফাইনালে, নীরু স্কোর করেন ২৮। এর আগের এশিয়ান গেমসের রেকর্ড স্কোর ২৪ পেরিয়ে যান এবং সোনা জেতেন। এশিয়ান গেমসে এর আগে ব্যক্তিগত বিভাগে ভারতের কোনও মহিলা ট্র্যাপ বা স্কিট শুটার সোনা জিততে পারেননি। মেয়েদের দলগত বিভাগে নীরুর সঙ্গে অসীমা অহলাওয়াত ও মণীশা কির মোট ৩২৮ স্কোর করে রুপো পান। ৩৪৬ স্কোর করে সোনা পায় চিন। ৩২৫ স্কোর নিয়ে ব্রোঞ্জ পেয়েছে কুয়েত। এদিন অ্যাথলেটিক্সেও প্রথম সোনা এল ভারতের সংগ্রহে। ৪ × ৪০০ মিটার রিলেতে বিত্যা রামরাজ, কিরণ পহল, এম পুভাম্মা এবং প্রাচী চৌধুরিকে নিয়ে গড়া দল বাহরিন ও চিনকে হারিয়ে সোনা পেল।

জ্যাভলিনে জোড়া পদক ভারতের

২৮ সেপ্টেম্বর: এশিয়ান গেমসে জ্যাভলিন থ্রোয়ে জোড়া পদক পেল ভারত। পুরুষদের জ্যাভলিন থ্রোয়ে রুপো জিতলেন যশবীর সিংহ এবং ব্রোঞ্জ পেলেন রোহিত যাদব। তাঁদের স্কোর যথাক্রমে ৮৫.৭২ মিটার এবং ৮৪.৩৫ মিটার। সোনা জিতেছেন শ্রীলঙ্কার রুমেশ পাথিরাগে (৮৮.৫৫ মিটার)। উল্লেখ্য, বেশ কয়েক বছর ধরে ভারতীয় জ্যাভলিনের প্রধান মুখ নীরজ চোপড়া। এবার চোটের কারণে এশিয়ান গেমসে যেতে পারেননি তিনি। অন্যদিকে, মহিলাদের ৪০০ মিটার হার্ডলসে বিথ্যা রামরাজ ৫৪.৭৫ সেকেন্ড সময়ে শেষ করে ব্রোঞ্জ পেয়েছেন। ভেঙেছেন পিটি উষার বিয়াল্লিশ বছরের পুরনো রেকর্ড।

১৫ হাজার রানের মাইল ফলক পেরোলেন বিরাট

২৭ সেপ্টেম্বর: একদিনের ক্রিকেটে দ্রুততম ১৫ হাজার রান করলেন বিরাট কোহলি। তিরুঅনন্তপুরমে ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে নিজের ৫৫তম একদিনের ক্রিকেটের শতরানও করলেন। ৩০৩ একদিনের ম্যাচ খেলে তাঁর রান হল ১৫,০৮০। গড় ৫৯.১৩। শতরান ৫৫, অর্ধশতরান ৭৯। সর্বোচ্চ ১৮৩। এর আগে সচিন তেন্ডুলকর একদিনের ক্রিকেটে প্রথম ১৫ হাজার রান করার নজির গড়েছিলেন। ১৫ হাজার রান করতে সচিনের চেয়ে ৭৪ ইনিংস কম নিলেন বিরাট। সবচেয়ে বেশি ওয়ান ডে শতরান (৫৫টি) তাঁর। এই তালিকায় দ্বিতীয় সচিন তেন্ডুলকর (৪৯), তৃতীয় রোহিত শর্মা (৩৪)। তিরুঅনন্তপুরমে এদিনের ম্যাচে ওয়েস্ট ইন্ডিজকে ৮ উইকেটে পরাজিত করে ভারত।

৪ × ৪০০ মিটার রিলেতে সোনা ভারতের মেয়েদের

২৯ সেপ্টেম্বর: এশিয়ান গেমসের মহিলাদের রিলে দৌড়ে সোনা পেল ভারত। ৪ × ৪০০ মিটার রিলেতে বিত্যা রামরাজ, কিরণ পহল, এম পুভাম্মা এবং প্রাচী চৌধুরিকে নিয়ে গড়া দল বাহরিন ও চিনকে হারিয়ে চ্যাম্পিয়ন হল। ভারতীয় দলের সময় ৩ মিনিট ২৯.৬৯ সেকেন্ড। রুপো জিতেছে বাহরিন (৩ মিনিট ৩০.২১ সেকেন্ড)। তৃতীয় স্থান পেয়ে চিন ব্রোঞ্জ জিতেছে (৩ মিনিট ৩১.০২ সেকেন্ড)।

শিক্ষাঙ্গনে আরএসএস ঘনিষ্ঠ সংগঠনের গুন্ডামি

২৭ সেপ্টেম্বর: যাদবপুর বিশ্ববিদ্যালয়ের পর ফের শিক্ষাঙ্গনে গুন্ডামির ঘটনা ঘটল। সত্যজিৎ রায় ফিল্ম অ্যান্ড টেলিভিশন ইনস্টিটিউট-এর ভিতরে মূল প্রেক্ষাগৃহে আরএসএস ঘনিষ্ঠ সংগঠন অখিল ভারতীয় গ্রাহক পঞ্চায়েত (এবিজিপি)-এর অনুষ্ঠান ঘিরে উত্তেজনা ছড়ায়। শিক্ষার্থীদের সঙ্গে বচসার মধ্যেই ছুরি, রড হাতে বহিরাগতরা হামলা চালায় এবং সন্ধ্যার পরও শিক্ষাপ্রাঙ্গণ ঘিরে রাখে বলে অভিযোগ। ঘটনাটি এদিন সমাজমাধ্যমে ছড়িয়ে গেলে সারা দেশের সংস্কৃতি ও বিনোদন জগতের বিশিষ্টরা ক্যাম্পাসে বহিরাগত হামলার বিরুদ্ধে সরব হন।

স্বনির্ভরতার সন্ধান

সবজির ব্যবসা করি, ইঞ্জিনিয়ারিংয়ের শিক্ষা খুব কাজে লেগেছে

উত্তর ২৪ পরগনার হালিশহরের বাসিন্দা, পেশায় ইঞ্জিনিয়ার, ৩২ বছরের তরুণ দিব্যেন্দু গায়েন, চাকরি ছেড়ে বেছে নিয়েছেন অনলাইন প্ল্যাটফর্মে সবজির ব্যবসা। নিজের সংস্থার মাধ্যমে আরও অনেকের জন্য কাজের সুযোগ তৈরি করা তাঁর স্বপ্ন। সে কথাই জানাচ্ছেন এই প্রজন্মের ব্যবসা-উদ্যোগী দিব্যেন্দু গায়েন।

মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং পাশ করে বছর চারেক চাকরি করলাম। তবে মন টিকল না সেখানে। ছাত্রাবস্থা থেকেই স্বপ্ন দেখতাম ব্যবসা করার। চাকরি করাকালীন ব্যবসার জন্য সময় ও শ্রম দেওয়া সম্ভব নয়, বুঝে গেলাম অল্প দিনেই। অনেক দ্বিধা ছিল। অনিশ্চয়তা ছিল। তবু দিলাম ভালো চাকরিটা ছেড়ে।

কিন্তু কীসের ব্যবসা করব? প্রশ্নটা মনে ঘুরপাক খেতে থাকল অহর্নিশ। বাবা সবজির ব্যবসা করছেন চল্লিশ বছরের বেশি সময়। চাষিরা দোকানে আসতেন, বাবার সঙ্গে তাঁদের চাষবাসের কথা শুনতাম। সবজি ও তার গুণমান, কোন মাটিতে কোন সবজিটা ভালো হয়, এ সব সম্পর্কেই একটা ধারণা ছোট থেকেই তৈরি হয়ে গিয়েছিল।

ভিতরে পাক খেতে থাকা প্রশ্নটারও তাই দ্রুত উত্তর পেয়ে গেলাম। সবজির ব্যবসা! তবে দোকানে বসে নয়। ই-কমার্স ভিত্তিক ব্যবসা। বলতে পারেন, বাবা-র ব্যবসাটারই আধুনিক প্রযুক্তি ও ইন্টারনেট ব্যবস্থার সাহায্যে সম্প্রসারণ ঘটানোর পরিকল্পনা করলাম। পুরনো ব্যবসা আগের জায়গাতেই রইল, কেবল একটা নতুন দিগন্ত খুলল।

যথারীতি নেতিবাচক মন্তব্য আসতে শুরু করল চারপাশ থেকে। সমাজের যা ধাঁচ, সেই অনুযায়ীই অনেকে বলতে থাকলেন, এত পড়াশোনা করে শেষে কিনা সেই সবজি বেচতে বসবে? এরকম নানান প্রশ্ন আর উপহাসের স্রোতে যখন টালমাটাল অবস্থা, এক জন এগিয়ে এলেন সহায়ক হিসেবে। বন্ধু দীপরাজ হাজারি।

'ভেজটো' নামে আমাদের সংস্থা অনলাইন সবজি সরবরাহ শুরু করে ২০২৫ সালে। সবজি ও তার দামের তালিকা অনলাইন প্রকাশ করা হয় আগের রাতে। ক্রেতারা অনলাইন অর্ডার দেন। ক্রেতার ঠিকানায় সবজি পৌঁছে দেওয়া হয়। প্রাথমিক ভাবে হালিশহর অঞ্চলেই কাজ শুরু হল। কিছুদিন পর থেকে অর্ডার আসতে থাকল দূরের অঞ্চল থেকেও। এখন হালিশহরের সঙ্গে যুক্ত হয়েছে কাঁচরাপাড়া ও কল্যাণী। সরবরাহের এলাকা ক্রমশ বাড়ছে। ফলে সাপ্লাই চেন ব্যবস্থাকেও একই সঙ্গে মজবুত করতে হচ্ছে। পণ্যের সরবরাহ-শৃঙ্খলটি মসৃণ ভাবে কাজ না করলে এই ব্যবসা করাই যাবে না। ফলে চাহিদা অনুযায়ী সরবরাহের এলাকার সম্প্রসারণ ঘটানোর পাশাপাশি কর্মীর সংখ্যাও বাড়াতে হচ্ছে।

এরপর শীঘ্রই আমরা ওই অনলাইন ব্যবস্থাতেই ফলের বিপণন শুরু করব। পরে যুক্ত হবে মুদিখানার নানা পণ্য।

অনেকের মনে প্রশ্ন আসতে পারে, এলাকায় বাজার রয়েছে, বড় সরবরাহ সংস্থাও কাজ করছে, এর মধ্যে আমরা কী ভাবে জায়গা করে নিয়ে ব্যবসা করছি। ক্রেতাদের মধ্যে এই বিশ্বাস তৈরি করা গেছে যে আমরা ন্যায্য মূল্যে তাজা সবজিই তাঁদের দেব। কোথা থেকে বা সরাসরি কোন চাষির কাছ থেকে কোন সবজিটি সংগ্রহ করব, সংগ্রহ ও সরবরাহের মধ্যে কতটা সময় দেওয়া হবে— এ সব নিয়েই আমাদের আগাম পরিকল্পনা থাকে। কোন বেগুনে বীজ বেশি কোনটায় কম, কোন লাউটা বেশি সময় তাজা থাকবে, এ সব বিষয়ে নজর রাখা হয়। আমরা যে সবচেয়ে ভালো মানের সবজিগুলিই ক্রেতার কাছে পৌঁছে দিতে চাই সেই চেষ্টাটা ক্রেতার চোখে ধরা পড়ে।

আগামী ৩ বছরের মধ্যে 'ভেজটো'-র কর্মীসংখ্যা ১০০-তে পৌঁছবে বলে আমাদের বিশ্বাস। সোশ্যাল মিডিয়ার নানা কাজ, সরবরাহ শৃঙ্খল, পণ্যের সংরক্ষণ ইত্যাদি নানা কাজে কর্মীর দরকার হবে। পরে ফ্রাঞ্চাইজির মাধ্যমে ব্যবসার পরিসর বাড়ানোর কথাও হয়তো ভাবব।

ব্যবসায় ইঞ্জিনিয়ারিংয়ের শিক্ষা কাজে লেগেছে খুব। ইঞ্জিনিয়ারিংয়ের প্রতিটি পদক্ষেপে থাকে চুলচেরা হিসেব, নিখুঁত পরিকল্পনা। ব্যবসাতেও গোটা পরিকল্পনার মধ্যে থাকে নানা নিয়ন্ত্রিত ধাপ। সেগুলো একটি একটি করে পেরতে গেলেও কষতে হয় অনেক হিসেবনিকেশ। তবে আমি মনে করি, যিনি যে-বিষয়েই পড়াশোনা করে থাকুন না কেন, ব্যবসার ক্ষেত্রে শিক্ষাটা কাজে লাগেই। আর কাজের প্রতি ভালোবাসা থাকতে হবে।

দিনে তো বটেই, রাতেরও অনেকটা অংশ জুড়ে খুবই ব্যস্ত থাকতে হয়। মাঝরাতে খেতে ফসল কাটা হচ্ছে, আমিও নির্ঘুম রাত কাটাই। কোনও কারণে আগ্রহী কেউ আমার সঙ্গে যোগাযোগ করতে চাইলে ই-মেল করাই ভালো। ই-মেল ঠিকানা: vegtohh@gmail.com

সেরামিক পথ দেখাচ্ছে উপার্জনের

প্রথম পাতার পর

ফুটপাত, দোকান, এমনকী আধুনিক মলে। নানা ডিজাইনের প্লেট, বোল, কাপ, ফুলদানি, মূর্তি, গৃহসজ্জার অসংখ্য রঙিন টুকিটাকি জিনিস ক্রেতাকে এক নজরেই আকৃষ্ট করে। উপহার হিসেবে সেরামিকের সামগ্রী অনেকেরই পছন্দ।

সেরামিকের জিনিসপত্রের এই চাহিদা উপার্জনের পথ খুলে দিতে পারে। বেকার তরুণ-তরুণীরা সেরামিকের নানা জিনিসপত্র নিজেরাই তৈরি করে ব্যবসা গড়ে তুলতে পারেন। নিজেরাই দোকান খুলতে পারেন, অথবা জোগান দিতে পারেন সেরামিক সামগ্রী বিক্রির দোকানে বা শপিং মলে। এখন অনলাইন সমাজমাধ্যমও বিভিন্ন সামগ্রী বিক্রির সহায়ক প্ল্যাটফর্ম। এ ক্ষেত্রে অনলাইন অর্ডার নিয়ে ক্রেতার পছন্দসই সেরামিকের জিনিস তৈরিও করে দেন অনেকে। অর্ডার মাফিক তৈরি সেরামিকের সামগ্রীরও ভালো বাজার আছে। ব্যবসা করার ক্ষেত্রে এই দিকটাও মাথায় রাখা যেতে পারে।

তবে সবার আগে জানতে হবে সেরামিকের বিভিন্ন সামগ্রী তৈরির পদ্ধতি। সেরামিকের জিনিসের সঙ্গে সৌন্দর্য ওতপ্রোত ভাবে জড়িত। তাই যাঁরা হাতে-কলমে এ কাজ শিখে ব্যবসা করতে চান, তাঁদের শৈল্পিক মনন থাকা জরুরি।

প্রশিক্ষণ কোথায় পাওয়া যায়

কল্যাণী বিশ্ববিদ্যালয়: সেরামিক দিয়ে বিভিন্ন জিনিস তৈরি করা শেখায় কল্যাণী বিশ্ববিদ্যালয়। এই বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি অব আর্টস অ্যান্ড কমার্সের অধীনস্থ ভিসুয়াল আর্টস বিভাগ সেরামিক ডিজাইন কোর্সের আয়োজন করে। এটি ১ বছরের সার্টিফিকেট কোর্স। যে-কেউ এই পাঠক্রমে ভর্তি হতে পারেন। ইন্টারভিউয়ের মাধ্যমে প্রার্থী বাছাই করে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ। গত বছর জানুয়ারি মাসে এই কোর্সের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছিল এবং ফেব্রুয়ারিতে ক্লাস শুরু হয়েছিল। আগ্রহীরা নজর রাখুন প্রতিষ্ঠানের এই ওয়েবসাইটে: https://klyuniv.ac.in/

বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়: শান্তিনিকেতনে বিশ্বভারতীর কলা ভবনে, সেরামিক আর্ট ও গ্লাস ডিজাইন বিভাগে চার বছরের ব্যাচেলর অব ডিজাইন এবং পিএইচডি করার সুযোগ আছে। এ ছাড়া স্বল্প সময়ের সার্টিফিকেট কোর্সও পড়ানো হয়। বিশদ তথ্য পাবেন প্রতিষ্ঠানের এই ওয়েবসাইটে: www.visvabharati.ac.in

রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির বোস হাউস ক্যাম্পাস: সম্প্রতি এই প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে, ৮ মাসের একটি কোর্সে হাতে-কলমে সেরামিকের নানা জিনিস তৈরি শেখানো হবে। কোর্সের নাম প্রফেশনাল সেরামিক ডেকোরেটিভ ক্রাফট। এখানে বেসিক ক্লে টেকনিক, কাপ, প্লেট, ফুলদানি, মোমদানি, ছোট ভাস্কর্য ইত্যাদি তৈরির পদ্ধতি শেখানো হবে। এ ছাড়া উৎপাদিত সেরামিকের সামগ্রী বিপণন করার পদ্ধতি সম্পর্কেও ধারণা দেওয়া হবে। প্রতি মাসে দু'টি করে ক্লাস হবে। কোর্স ফি ৪,৫০০ টাকা। জিএসটি অতিরিক্ত। কিস্তিতে কোর্স ফি দেওয়া যাবে। মহিলা ও পুরুষ উভয়েই প্রশিক্ষণ নিতে পারবেন। অনলাইন আবেদন করতে হবে। বিশদ জানতে দেখুন এই ওয়েবসাইট: www.rkmvmbosehouse.com

উচ্চ মাধ্যমিকের পর সেরামিক টেকনোলজি

প্রতিরক্ষা বিভাগের সরঞ্জাম রক্ষণাবেক্ষণে সেরামিকের একটি বড় ভূমিকা আছে। জেট ইঞ্জিন, মিসাইল এবং রকেট যে-ধরনের ধাতু দিয়ে তৈরি হয়, তা উচ্চ তাপমাত্রায় গলে যেতে পারে। তাই এই ধরনের সমরাস্ত্রগুলিকে সুরক্ষিত রাখতে হাই টেম্পারেচার সেরামিক ব্যবহার করা হয়, যাতে তাপমাত্রা বৃদ্ধি পেলেও ওই সরঞ্জামগুলির কোনও ক্ষতি না হয়। এ ছাড়াও বিভিন্ন ধরনের সুরক্ষা বর্ম তৈরির জন্য সেরামিক ব্যবহার করা হয়। এই কাজের জন্য সেরামিক ইঞ্জিনিয়ার কিংবা টেকনোলজিস্টের চাহিদা আছে। পেশাদারদের চাকরি হতে পারে কেন্দ্রীয় প্রতিরক্ষা এবং মহাকাশ বিভাগে। চাকরির সুযোগ আছে গ্লাস এবং সিমেন্ট প্রস্তুতকারক সংস্থায়।

সেরামিক প্রযুক্তি নিয়ে পড়া যায় কলকাতার গভর্নমেন্ট কলেজ অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সেরামিক টেকনোলজি, আইআইটি বিএইচইউ, এনআইটি রাউরকেল্লা-র মতো ভারতের প্রথম সারির একাধিক প্রতিষ্ঠানে। এছাড়া রসায়ন নিয়ে পড়ে থাকলে, যাদবপুরের সিএসআইআর-সেন্ট্রাল গ্লাস অ্যান্ড সেরামিক রিসার্চ ইনস্টিটিউটে গবেষণার সুযোগ মিলতে পারে।

কী পড়বেন, কী শিখবেন

কেআইআইটি-র প্রবেশিকা

নিজস্ব প্রতিনিধি: বি টেক, বি আর্ক, বি এসসি, বিবিএ-সহ বিভিন্ন বিষয়ে স্নাতক এবং এমসিএ, এমবিএ, এম টেকের মতো স্নাতকোত্তর কোর্স পড়াবে কলিঙ্গ ইনস্টিটিউট অব ইন্ডাস্ট্রিয়াল টেকনোলজি (কেআইআইটি)। কম্পিউটারভিত্তিক কেআইআইটি এন্ট্রান্স টেস্টের মাধ্যমে ভর্তি নেওয়া হবে। ২০২৭ সালের এন্ট্রান্স পরীক্ষার জন্য রেজিস্ট্রেশন পর্ব শুরু হয়েছে। পরীক্ষায় শীর্ষ স্থানাধিকারীরা অ্যাকাডেমিক বৃত্তি পান।

পরীক্ষা হবে ৯ থেকে ১১ জানুয়ারির মধ্যে। পরীক্ষায় বসার জন্য আবেদন করা যাবে ২০২৭-এর ৪ জানুয়ারি পর্যন্ত। অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে ৬ জানুয়ারি থেকে। দেশের ১৮টি শহরে এই পরীক্ষার কেন্দ্র রয়েছে।

আবেদন করতে হবে কেআইআইটি-র এই ওয়েবসাইটের মাধ্যমে: https://ksom.ac.in/ বিশদ তথ্যও পাবেন এই ওয়েবসাইটেই।

অটিজম ম্যানেজমেন্টের প্রশিক্ষণ

নিজস্ব প্রতিনিধি: অটিজম রোগটি হল, শিশুদের মধ্যে মস্তিষ্কের বিকাশজনিত সমস্যা। এটি হওয়ার পিছনে অন্যতম মূল কারণ জিনঘটিত। এ ছাড়া অনেক সময় কোনও সাধারণ অসুখ থেকেও শিশু অটিজম আক্রান্ত হতে পারে। কিছু ক্ষেত্রে ক্রোমোজোমের সংখ্যার হ্রাস বা বৃদ্ধির কারণেও এই রোগ হয়।

সাম্প্রতিক কালে অটিজম-এর চিকিৎসায় আমূল পরিবর্তন এসেছে। বিশ্ব জুড়ে এই রোগের চিকিৎসা নিয়ে নানা গবেষণা হচ্ছে। আক্রান্ত শিশুকে ওষুধ ছাড়াও বিভিন্ন ধরনের কাউন্সেলিং ও স্পিচ থেরাপি ইত্যাদি করানো হচ্ছে। এতে ইতিবাচক ফলও পাওয়া গিয়েছে।

অটিজম ম্যানেজমেন্টে মূলত শেখানো হয়, কীভাবে অটিজমে আক্রান্ত শিশুদের বিভিন্ন থেরাপির মাধ্যমে মূল স্রোতে ফিরিয়ে আনা যায়। এই বিষয়ে প্রদীপ সেন্টার ফর অটিজম ম্যানেজমেন্টের সঙ্গে যৌথ উদ্যোগে একটি হাইব্রিড সার্টিফিকেট কোর্স পড়াবে রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির বোস হাউস ক্যাম্পাস। মূলত অনলাইন পড়ানো হবে। প্র্যাক্টিক্যাল ক্লাস হবে অফলাইন। কোর্স শেষে অফলাইন পরীক্ষা রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির বোস হাউস ক্যাম্পাসে। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই। পুরুষ ও মহিলা, উভয়ই আবেদন করতে পারেন।

কোর্সের নাম: অটিজম অ্যাসেসমেন্ট অ্যান্ড ম্যানেজমেন্ট।

শিক্ষাগত যোগ্যতা: অন্তত উচ্চ মাধ্যমিক পাশ।

কোর্সের মেয়াদ: ৮ মাস। সপ্তাহে দু'টি ক্লাস।

কী শেখানো হবে: ডায়াগনোসিস ও অ্যাসেসমেন্ট, থেরাপি, অটিজম নিয়ে সচেতনতা তৈরি ইত্যাদি।

কোর্স ফি: ৮,৫০০ টাকা (এর সঙ্গে জিএসটি যুক্ত হবে)। দু'টি কিস্তিতে টাকা দেওয়া যাবে। **ক্লাস শুরু:** ২০২৭-এর জানুয়ারিতে। অনলাইন আবেদন করতে হবে। বিশদ জানতে দেখুন এই ওয়েবসাইট: https://rkmvmbosehouse.com

ন্যানোটেকনোলজির অনলাইন সার্টিফিকেট কোর্স

নিজস্ব প্রতিনিধি: ন্যানোটেকনোলজি বিষয়ে অনলাইন সার্টিফিকেট কোর্স পড়াবে ভোপালের রাজীব গান্ধী প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। ন্যানোটেকনোলজি বিষয়ে কোনও পূর্ব-অভিজ্ঞতা না থাকলেও এই কোর্সে ভর্তি হওয়ার জন্য আবেদন করা যাবে। যাঁদের ক্রেডিট-যুক্ত মৌলিক শংসাপত্রের প্রয়োজন কিংবা যাঁরা স্টার্ট-আপের সঙ্গে যুক্ত, অথবা ন্যানোটেকনোলজি নিয়ে কেরিয়ার গড়তে চান— তাঁরাও এই কোর্সে যোগ দিলে উপকৃত হবেন। ন্যানোটেকনোলজি নিয়ে প্রাথমিক ধারণা এবং শিল্পক্ষেত্রের উপযোগী দক্ষতা তৈরি করে দেবে এই কোর্সের পাঠক্রম। অনলাইন পঠনপাঠনের পাশাপাশি শিক্ষার্থীদের সুবিধার জন্য থাকবে রেকর্ড করা ক্লাস। সফল শিক্ষার্থীদের রাজীব গান্ধী প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের তরফে গ্রেড বা নম্বর-সহ শংসাপত্র দেওয়া হবে। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই।

শিক্ষাগত যোগ্যতা: ইঞ্জিনিয়ারিং, বিজ্ঞান বা সংশ্লিষ্ট বিষয়ের স্নাতক। উচ্চ মাধ্যমিকে পদার্থবিদ্যা এবং রসায়ন পড়ে থাকতে হবে।

কোর্সের মেয়াদ: দু' সপ্তাহ।

কী পড়ানো হবে: সম্পূর্ণ কোর্সটিকে ছ'টি প্রধান মডিউলে ভাগ করা হয়েছে। প্রথম মডিউলে পড়ানো হবে ন্যানোটেকনোলজির সংজ্ঞা এবং এই প্রযুক্তির বিকাশের ইতিহাস। দ্বিতীয় মডিউলে থাকবে ন্যানো স্কেলে পদার্থের বিশেষত্ব, তৃতীয় মডিউলে, ন্যানো মেটেরিয়ালের ভিন্নতা এবং পরিচয়। চতুর্থ মডিউলে পড়ানো হবে ন্যানো স্তরে বিভিন্ন পদার্থ পর্যবেক্ষণের পদ্ধতি। পঞ্চম মডিউলের মাধ্যমে ন্যানো সামগ্রী তৈরির বিভিন্ন পদ্ধতি এবং সেগুলি পরীক্ষা করার কৌশল শেখানো হবে। ষষ্ঠ মডিউল দেবে ন্যানোটেকনোলজিতে কেরিয়ার গড়ার বিষয়ে দিশা। শিক্ষকদের সঙ্গে সরাসরি কথা বলে প্রশ্নের উত্তর জানার জন্য থাকবে বিশেষ ডাউট-ক্লিয়ারিং সেশন।

আবেদনের পদ্ধতি: অনলাইন আবেদন করতে হবে প্রতিষ্ঠানের এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rgpv.ac.in ওয়েবসাইটে দেওয়া লিঙ্কের মাধ্যমে গুগল ফর্ম পূরণ করে আবেদন করতে হবে। আবেদনের জন্য কোনও ফি নেই। অ্যাডমিশন ফি সম্পর্কে ভর্তির সময় জানিয়ে দেওয়া হবে। বিশদ তথ্য পাবেন উপরোক্ত ওয়েবসাইটে।

চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

ভারতীয় রেলে ১১১২৭ অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

নিয়োগের সি বি টি-১ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. যদি 'P মানে '÷', Q, মানে '×', R মানে '+', S মানে '–' তাহলে 18 Q 12 P 4 R 5 S 6 = ?
(a) 53 (b) 52 (c) 51 (d) 50

নির্দেশ (2 and 3): ? স্থানে কোন সংখ্যা বসবে?

2.


(a) 36 (b) 33 (c) 45 (d) 60

3.

(a) 199 (b) 398 (c) 606 (d) 891

4. যদি AT = 20, BAT = 40, তাহলে CAT = ?
(a) 30 (b) 40 (c) 50 (d) 60

নির্দেশ (5 to 14): নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি আলাদা?

5. (a) 7 (113) 8 (b) 1 (5) 2 (c) 3 (17) 4 (d) 5 (61) 6
6. (a) 239 (b) 628 (c) 325 (d) 459
7. (a) A, E, O (b) U, I, A (c) O, U, E (d) W, V, O
8. (a) নেপাল (b) ভুটান (c) পাকিস্তান (d) মণিপুর
9. (a) টেনিস (b) ব্যাডমিন্টন (c) ভলিবল (d) ক্রিকেট
10. (a) বাঘ (b) সিংহ (c) বিড়াল (d) জেব্রা
11.

(a) (b) (c) (d)

12. (a) 117 – 143 (b) 142 – 156 (c) 64 – 78 (d) 103 – 169
13. (a) FAA (b) OFF (c) ATT (d) EPP
14. (a) 32–8 (b) 15–5 (c) 36–18 (d) 26–6

15. যদি B = 2, MAT = 34 হলে, JOGLEX = ?
(a) 70 (b) 71 (c) 72 (d) 73

16.

8	10	12
5	7	9
12	14	?

(a) 15 (b) 16 (c) 17 (d) 18

17.

4	9	2
3	5	7
8	1	?

(a) 9 (b) 6 (c) 15 (d) 14

18. নীচের শব্দগুলিকে ছবির সাহায্যে দেখান:
দিল্লি; লখনউ, উত্তর প্রদেশ

(a) (b) (c) (d)

নির্দেশ (19 to 21): *নিম্নলিখিত শব্দগুলির অক্ষরগুলি একবার মাত্র ব্যবহার করে নীচের কোন শব্দগুলি তৈরি করা যাবে না?*

19. RESEARCH
(a) Search (b) Reach (c) Hear (d) Read
20. INVESTIGATION
(a) Instigation (b) Gestation (c) Vest (d) Stigma
21. SANCTION
(a) Action (b) Nation (c) Notion (d) Nion

22. যদি 63 – 30 = 30, 72 – 10 = 40 হয়, তাহলে 81 – 60 = ?
(a) 50 (b) 35 (c) 15 (d) 20

23. যদি 2 = 5, 4 = 18, 6 = 39, 8= 68, then 10 = ?
(a) 100 (b) 105 (c) 110 (d) 116

নির্দেশ (24 and 25): *শূন্যস্থান পূরণ করুন।*

24. 251 (12) 107
381 (?) 125
(a) 14 (b) 24 (c) 11 (d) 16

25. 354 (110) 526
297 (?) 631
(a) 128 (b) 116 (c) 135 (d) 143

26. ভারতের প্রাচীনতম পর্বতের নাম কী?
(a) আরাবল্লী (b) কারাকোরাম (c) নীলগিরি (d) সাতপুরা
27. ইরানের রাজধানীর নাম কী?
(a) বাগদাদ (b) রিয়াধ (c) তেহরান (d) কুয়েত
28. জাপানে ঘন ঘন ভূমিকম্পের প্রধান কারণ কী?
(a) বেশি সংখ্যক পর্বত থাকার দরুণ (b) বেশি সংখ্যক আগ্নেয়গিরি থাকার দরুণ (c) বেশি সংখ্যক নদী থাকার দরুণ (d) বেশি সংখ্যক পাহাড় থাকার দরুণ
29. 'তাজমহল' কোন শহরে অবস্থিত?
(a) হায়দ্রাবাদ (b) আগ্রা (c) বারাণসী (d) কানপুর
30. 'নাসিক' কোন নদীর তীরে অবস্থিত?
(a) মহানদী (b) তাপ্তী (c) যমুনা (d) গোদাবরী
31. চিনের রাজধানীর নাম কী?
(a) টোকিও (b) সিওল (c) বেজিং (d) কোনওটিই নয়
32. নীচের কোন শহরটি 'কমলালেবুর শহর' নামে পরিচিত?
(a) ইন্দোর (b) কলকাতা (c) কানপুর (d) নাগপুর
33. 'চারমিনার' কোথায় অবস্থিত?
(a) মিরাট (b) উদয়পুর (c) হায়দ্রাবাদ (d) ভদোদরা
34. মেরিনা বিচ কোথায় অবস্থিত?
(a) সুলতানপুর (b) চেন্নাই (c) জয়পুর (d) সুরাট
35. জুহু বিচ কোথায় অবস্থিত?
(a) তিরুবনন্তপুরম (b) মুম্বাই (c) উদয়পুর (d) মিরাট
36. কোনও বস্তুর যদি চলন ও ঘূর্ণন গতি বর্তমান থাকে, তবে তাকে বলে:
(a) আপেক্ষিক গতি (b) মিশ্র গতি (c) রৈখিক গতি (d) আবর্ত গতি
37. মহাবিশ্বে সকল বস্তুই:
(a) স্থির (b) কম্পনশীল (c) গতিশীল (d) কোনওটিই নয়
38. সূর্য থেকে পৃথিবীতে আলো আসতে সময় লাগে:
(a) 8.3 মিনিট (b) 8.3 সেকেন্ড (c) 8.3 ঘণ্টা (d) 0.83 মিনিট
39. আলোর তড়িৎ চুম্বকীয় তরঙ্গ প্রমাণ করেন:
(a) ম্যাক্সওয়েল (b) প্ল্যাঙ্ক (c) নিউটন (d) আইনস্টাইন
40. পোড়া চুনের রাসায়নিক সংকেত কোনটি?
(a) Ca (b) CaO (c) $Ca(OH)_2$ (d) $CaCO_3$
41. কোন জোড়াটি হল ধাতুকল্পের উদাহরণ?
(a) আর্সেনিক ও কার্বন (b) আর্সেনিক ও অ্যান্টিমনি (c) অ্যান্টিমনি ও কার্বন (d) অ্যান্টিমনি ও ক্লোরিন
42. প্রকৃতিতে পাওয়া যায় সবচেয়ে ভারী মৌলের নাম হল:
(a) লোহা (b) তামা (c) দস্তা (d) ইউরেনিয়াম
43. কোনটি বিরল গ্যাস?
(a) রেডন (b) হাইড্রোজেন (c) অক্সিজেন (d) ক্লোরিন
44. অ্যামালগ্যামে থাকে:
(a) Zn (b) Ag (c) Hg (d) Sn
45. একটি বর ধাতুর উদাহরণ হল:
(a) লোহা (b) তামা (c) নিকেল (d) প্ল্যাটিনাম
46. আলোর প্রতিফলন ঘটাতে সক্ষম অধাতু হল:
(a) সালফার (b) হীরক (c) ক্লোরিন (d) বোরন
47. যে মৌলের অণুতে ত্রি-বন্ধন পাওয়া যায়:
(a) O_2 (b) H_2 (c) N_2 (d) Cl_2
48. কোন মৌলটির সমস্থানিক নেই?
(a) Na (b) Cl (c) C (d) H
49. পরমাণু ইলেক্ট্রন গ্রহণ করে পরিণত হয়:
(a) ক্যাটায়ন (b) অ্যানায়ন (c) অণু (d) কোনওটিই নয়
50. H_2O_2 একটি কী জাতীয় পদার্থ?
(a) শুধুমাত্র জারক (b) শুধুমাত্র বিজারক (c) জারক ও বিজারক (d) কোনওটিই নয়
51. নারকেলের দুধ থেকে কোন হরমোন পাওয়া যায়?
(a) জিয়াটিন (b) অক্সিন (c) ফ্লোরিজেন (d) ABA
52. কার প্রভাবে মুকুলের সুপ্তদশা লক্ষ্য করা যায়?
(a) ইথিলিন (b) GA (c) IAA (d) ABA
53. পুরুষ মানুষের যৌন ক্রোমোজোম কোনটি?
(a) XX (b) XO (c) XY (d) YY
54. কোষের কোন অংশে প্রোটিন সংশ্লেষিত হয়?
(a) নিউক্লিয়াস (b) সাইটোপ্লাজম (c) মাইটোকনড্রিয়া (d) নিউক্লিওজোম
55. মানুষের ডিপ্লয়েড ক্রোমোজোম সংখ্যা হল:
(a) 46 (b) 44 (c) 42 (d) 38
56. $0.56 \times 0.65 + 0.35 \times 0.35 + 0.70 \times 0.65 = ?$
(a) 1.75 (b) 1.00 (c) 1.65 (d) 1.55
57. যদি $x^2 + 9y^2 = 6xy$, তাহলে x : y = ?
(a) 1 : 3 (b) 3 : 2 (c) 3 : 1 (d) 2 : 3
58. $\sqrt{432 \div 24 + 123 - 20} = ?$
(a) $\sqrt{11}$ (b) $(121)^2$ (c) 11 (d) $(11)^2$
59. একটি ট্রেন 10 মিটার/সেকেন্ড বেগে চললে ট্রেনের গতিবেগ:
(a) 36 কিমি/ঘণ্টা (b) 37 কিমি/ঘণ্টা (c) 38 কিমি/ঘণ্টা (d) 39 কিমি/ঘণ্টা
60. $\frac{4+3\sqrt{3}}{7+4\sqrt{3}} = ?$
(a) $5\sqrt{3} - 8$ (b) $5\sqrt{3} + 8$ (c) $8\sqrt{3} + 5$ (d) $8\sqrt{3} - 5$
61. যদি $\frac{4x}{3} + 2P = 12$ হয়, তাহলে P -এর মান নির্ণয় করুন, x = 6?
(a) 1 (b) 2 (c) 4 (d) 5
62. যদি $2x - \frac{1}{2x} = 3$ হয় তবে $4x^2 + \frac{1}{4x^2} = ?$
(a) 11 (b) 10 (c) 9 (d) 7
63. 45% of ? = 1782
(a) 3690 (b) 3960 (c) 3990 (d) 3660
64. $(15)^2 + (13)^2 - (21)^2 = ?$
(a) –47 (b) 47 (c) –49 (d) 49

এরপর নয়ের পাতায়

পশ্চিমবঙ্গ পুলিশে কনস্টেবল

নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. উৎসেচক একটি জৈব রাসায়নিক বিক্রিয়াকে যেভাবে ত্বরান্বিত করে তা হল:
(a) বিক্রিয়ার অ্যাক্টিভেশন এনার্জিকে হ্রাস করে (b) বিক্রিয়ার অ্যাক্টিভেশন এনার্জিকে বৃদ্ধি করে (c) বিক্রিয়ার তাপমাত্রাকে হ্রাস করে (d) বিক্রিয়ার তাপমাত্রাকে বৃদ্ধি করে
2. মুর্শিদকুলি খান ঢাকা থেকে রাজধানী কোথায় স্থানান্তরিত করেছিলেন?
(a) গৌড় (b) পাণ্ডুয়া (c) মুঙ্গের (d) মুর্শিদাবাদ
3. বৃষ্টি হলে বেশি গতিবেগে গাড়ি চালানো অসুবিধাজনক হয়ে পড়ে কারণ:
(a) ঘর্ষণ শূন্য হয়ে যায় (b) ঘর্ষণ কমে যায় (c) ঘর্ষণ বেড়ে যায় (d) গাড়ির উপর অধিক বল প্রয়োগ করা যায় না
4. মুদ্রাস্ফীতির সঙ্গে বেকারত্ব পরিমাপ করার জন্য ব্যবহার করা হয়:
(a) জনসন কার্ভ (b) সাইমন কার্ভ (c) ডেভিড কার্ভ (d) ফিলিপস কার্ভ
5. কার সময়ে কৈবর্ত বিদ্রোহ হয়?
(a) প্রথম মহীপাল (b) তৃতীয় মহীপাল (c) রামপাল (d) দ্বিতীয় মহীপাল
6. বিখ্যাত নটরাজ ব্রোঞ্জ মূর্তিটি কোন শিল্প শৈলীর উল্লেখযোগ্য নিদর্শন?
(a) গান্ধার শিল্প (b) মৌর্য শিল্প (c) চোল শিল্প (d) চালুক্য শিল্প
7. মানব শরীরে হৃৎপিণ্ডের স্বাভাবিক পেসমেকার হল:
(a) পারকিনজিসু (b) হৃৎপেশি (c) AV নোড (d) SA নোড
8. ভারতীয় সংবিধানের কোন ধারায় বলা হয়েছে সংখ্যালঘু ধর্মীয় সম্প্রদায়ের নিজস্ব সংস্কৃতির উপর রাষ্ট্র অপর কোনও সংস্কৃতি চাপিয়ে দেবে না?
(a) 29(1) ধারা (b) 30(1) ধারা (c) 28(1) ধারা (d) 26(1) ধারা
9. বৈষ্ণব পদাবলী-র রচয়িতা চণ্ডীদাস বাংলার কোন শাসকের সমসাময়িক ছিলেন?
(a) হুসেন শাহ (b) সিকান্দার শাহ (c) বারবাক শাহ (d) ইলিয়াস শাহ
10. কোন সুলতান হিন্দু ধর্মীয় নানা গ্রন্থ সংস্কৃত থেকে পারসি ভাষায় অনুবাদ করার আদেশ দিয়েছিলেন?
(a) ফিরোজ শাহ তুঘলক (b) ইলতুৎমিস (c) গিয়াসউদ্দিন তুঘলক (d) আলাউদ্দিন খলজি
11. RNA-তে অ্যাডেনিন কার সঙ্গে জোড় বাঁধে?
(a) সাইটোসিন (b) থাইমিন (c) গুয়ানিন (d) ইউরাসিল
12. কোন গভর্নর জেনারেল পাবলিক ওয়ার্ক ডিপার্টমেন্ট স্থাপন করেন?
(a) লর্ড ডালহৌসি (b) লর্ড হার্ডিঞ্জ (c) লর্ড বেন্টিঙ্ক (d) লর্ড কর্নওয়ালিস
13. কোন প্রাণীতে অন্তনিষেক ঘটে না?
(a) কুমির (b) মানুষ (c) পাখি (d) ব্যাঙ
14. ভারতের রাষ্ট্রপতি কোন ক্ষেত্রে 'ভেটো' প্রয়োগ করতে পারেন না?
(a) সাধারণ বিলের ক্ষেত্রে (b) অর্থবিল (c) সংবিধান সংশোধনী বিল (d) b এবং c উভয়ই
